* মুক্তবাজার নয় নিয়ন্ত্রিত বাজারই কেবল মন্দা থেকে মুক্তি দিতে পারে।
* দারিদ্র্যই জঙ্গিবাদের মূল কারণ।
* মাত্রাতিরিক্ত ভোগ-লালসাই বিশ্ব অর্থনৈতিক মন্দার মূল কারণ।
* বিজ্ঞানভিত্তিক শিক্ষাই কেবল মেধার বিকাশ ঘটাতে পারে।
* সভ্যতার ক্রমবিকাশের সাথে সাথে মানবতা বঞ্চিত হচ্ছে।
* স্বল্পমেয়াদি প্রকল্প নয় অর্থনৈতিক সচ্ছলতাই মা-বাবাদের উৎসাহিত করবে সন্তানদের স্কুলে পাঠাতে।
* একমাত্র রাজনৈতিক সদিচ্ছাই বাংলাদেশের জনগণের চরম দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা অর্ধেকে নামিয়ে আনতে পারে।
* একমাত্র অর্থনৈতিক স্থিতিশীলতাই পারে নারী পুরুষের বৈষম্য দূর করতে।
* তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার চেয়ে গণসচেতনতাই শিশু মৃত্যুহার কমিয়ে আনতে পারে।
* সরকারি নীতিমালার কঠোর বাস্তবায়নের মাধ্যমেই বাংলাদেশে ২০২১ সালের মধ্যে পরিবেশগত স্থিতিশীলতা নিশ্চিত করা সম্ভব।
* অবাধ ও বৈষম্যহীন আন্তর্জাতিক বাণিজ্য ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমেই বাংলাদেশে অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি সম্ভব।
* বাংলাদেশের অভাব সম্পদের নয় সঠিক ব্যবহারের।
* শক্তিশালী পররাষ্ট্রনীতি ব্যতীত বাংলাদেশে পানি চুক্তির কার্যকারিতা সম্ভব নয়।
* একুশ শতকের উন্নয়ন পরিক্রমায় বাংলাদেশ এশিয়ার সফলতম রাষ্ট্রে পরিণত হবে।
* পার্বত্য শান্তিচুক্তি পার্বত্য এলাকার শান্তি আনেনি।
* রাজনৈতিক দলের গণতন্ত্র চর্চাই দেশে গণতন্ত্র প্রতিষ্ঠার পূর্বশর্ত।
* নতুন প্রজন্মকে অপসংস্কৃতি থেকে বাঁচানোর উপায় সংস্কৃতিসচেতন করে তোলা।
* বেসরকারীকরণের মাধ্যমেই প্রশাসনিক স্বচ্ছতা আনয়ন সম্ভব।
* ইভটিজিং রোধে পারিবারিক মূল্যবোধই প্রধান ভূমিকা পালন করতে পারে।
* পর্যটন শিল্পে নারীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সরকারি উদ্যোগই বেশি প্রয়োজন।
* দারিদ্র্যই যৌতুকের প্রধান কারণ।
* শুধুমাত্র সরকারি পৃষ্ঠপোষকতা নয় জনগণের অংশগ্রহণই পারে পর্যটন শিল্পের উন্নয়ন ঘটাতে।
* প্যালেস্টাইন সমস্যার সমাধান বিশ্বশান্তি পরিস্থিতিকে উন্নত করবে।
* বৈদেশিক সাহায্য আমাদের রাজনৈতিক বিকাশকে বাধাগ্রস্ত করছে।
* নিয়মিত স্থানীয় সরকার নির্বাচনই তৃণমূল পর্যায়ে গণতন্ত্র বিকাশের প্রধান শর্ত।
* শক্তিশালী অর্থনীতি শক্তিমান গণতন্ত্রের পূর্বশর্ত।
* শক্তিশালী স্থানীয় সরকারই সুশাসন নিশ্চিত করতে পারে।



www.nagorikpathagar.org

* শক্তিশালী জনমত ব্যতীত সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিত নয়।
* আমাদের দেশে শিক্ষা সংস্কারের প্রধান শর্ত হচ্ছে শিক্ষাকে গ্রামমুখী করা।
* যানবাহন নিয়ন্ত্রণ আইনের দুর্বলতা সড়ক দুর্ঘটনার প্রধান কারণ।
* ভারীশিল্প নয়, কৃষিভিত্তিক ক্ষুদ্র শিল্পের উন্নয়ন বাংলাদেশের অর্থনীতিকে স্বাবলম্বী করে তুলতে পারে।
* একবিংশ শতাব্দীর প্রধান চ্যালেঞ্জ হবে কৃষিতে স্বনির্ভরতা অর্জন।
* অপরিকল্পিত কৃষিনীতিই বাংলাদেশের কৃষিখাতে স্ব-নির্ভরতা অর্জনে প্রধান অন্তরায়।
* প্রকৃতি নির্ভরতা নয় ব্যবস্থাপনার অদক্ষতাই কৃষিখাতে আমাদের অনগ্রসরতার জন্য দায়ী।
* ভারতের তৈরি বাঁধই বাংলাদেশের বন্যার প্রধান কারণ।
* অতীত সরকারগুলোর কূটনৈতিক ব্যর্থতাই বাংলাদেশের সীমান্ত সমস্যার মূল কারণ।
* একুশ শতকের উন্নয়ন পরিক্রমায় বাংলাদেশ এশিয়ার সফলতম রাষ্ট্রে পরিণত হবে।
* পার্বত্য শান্তিচুক্তি পার্বত্য এলাকার শান্তি আনেনি।
* দেশের খনিজসম্পদ আজ কার্যত বিদেশীদের হাতে।
* স্বল্পমেয়াদি প্রকল্প নয়, অর্থনৈতিক সচ্ছলতাই মা-বাবাদের উৎসাহিত করবে সন্তানদের স্কুলে পাঠাতে।
* রাজনৈতিক সদিচ্ছাই বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা অর্ধেকে নামিয়ে আনতে পারে।
* অর্থনৈতিক স্থিতিশীলতাই পারে নারী পুরুষের বৈষম্য দূর করতে ।
* তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার চেয়ে গণসচেতনতাই শিশু মৃত্যুহার কমিয়ে আনতে পারে।
* সর্বস্তরে সংকোচবিহীন আলোচনার পরিবেশই পারে এইড্স বিস্তার রোধ করতে।
* বাংলাদেশে এই মুহূর্তে এইড্স সম্পকির্ত সচেতনতাই বৃদ্ধির যথার্থ সময় আসেনি।
* সচেতনতার অভাব নয় আর্থিক অসচ্ছলতাই পরিবেশের ভারসাম্য নষ্ট করছে।
* অবাধ ও বৈষম্যহীন আন্তর্জাতিক বাণিজ্য ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমেই বাংলাদেশে অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি সম্ভব।
* বিশ্বায়নই পারে বাংলাদেশে অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে।
* খাদ্যচাহিদা পূরণের জন্য আমাদের হাইব্রিড ব্যবহার করা উচিত।
* হাইব্রিড বীজ ব্যবহার ব্যতীত তৃতীয় বিশ্বের খাদ্যচাহিদা পূরণ সম্ভব নয়।
* সকল ব্যর্থতা সরকারের ওপর চাপানো আমাদের চেতনার সবচেয়ে বড় ব্যাধি।
* স্বাধীনতার সঠিক ইতিহাসই ভবিষ্যৎ প্রজন্মকে দিকনির্দেশনা দিতে পারে।



www.nagorikpathagar.org

* গ্রামীণ অবকাঠামোকে অবহেলা করার ক্ষমতাসীন সরকারগুলোর মুল কারণ সামাজিক নয় অর্থনৈতিক।
* অধিকার সচেতন না হলে সঠিক জনপ্রতিনিধি নির্বাচন সম্ভব নয়।
* সংগ্রাম নয় এবার সমন্বয়ের পালা।
* বর্তমান সময়ে ছাত্ররাজনীতি অপ্রাসঙ্গিক।
* গণতান্ত্রিক সংস্কৃতি নির্মাণে বুদ্ধিজীবীদের কোনো ভূমিকা নেই।
* পুঁজিবাদই মৌলবাদের জন্মদাতা।
* ট্রেড ইউনিয়নের কর্মকান্ড শিল্পখাতে লোকসানের মূল কারণ।
* বৈদেশিক সাহায্যনির্ভর উন্নয়ন বাজেট আমাদের অর্থনীতিকে পঙ্গু করছে।
* রাজনৈতিক দুর্বৃত্তায়নের প্রধান কারণ অর্থনীতি।
* বিশ্বায়ন দরিদ্র দেশসমূহকে দরিদ্রতর করছে।
* আকাশ সংস্কৃতিই আমাদের দেশি সংস্কৃতির বিকাশের অন্তরায়।
* আইনের কঠোর বাস্তবায়নই পারে বাল্যবিবাহ রোধ করতে ।
* সচেতনতার অভাব নয় আর্থিক অসচ্ছলতা পরিবেশের ভারসাম্য নষ্ট করছে।
* প্যাটেন্ট আইন উন্নয়নশীল দেশগুলোর ক্রমবর্ধমান ঔষধ শিল্পকে ধ্বংস করবে।
* একুশ শতকে সামরিক শক্তির প্রয়োজনীয়তা ফুরিয়ে গেছে।
* চলচ্চিত্রে অশ্লীলতা সময়ের চাহিদা মাত্র।
* গ্রামীণ অবকাঠামোকে অবহেলাই ক্ষমতাসীন সরকারগুলোর সবচেয়ে বড় ত্রুটি।
* সাম্প্রতিক কালে বাংলাদেশে সংঘটিত সহিংস ঘটনাগুলোর মূল কারণ সামাজিক নয় অর্থনৈতিক।
* রাজনৈতিক দুর্বৃত্তায়নের প্রধান কারণ অর্থনৈতিক।
* আমরা তৃতীয় বিশ্বযুদ্ধ অতিক্রম করছি।
* দারিদ্র্য বিমোচন কৌশলপত্রের বাস্তবায়নের মাধ্যমেই দারিদ্র্য ও ক্ষুধা-নির্মূল করা সম্ভব।
* বাংলাদেশের বর্তমান আর্থ-সামাজিক প্রেক্ষাপটে ২০২১ সালের মধ্যে সার্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জন সম্ভব নয়।
* অর্থনৈতিক স্থিতিশীলতাই পারে নারী-পুরুষের বৈষম্য দূর করতে।
* তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার চেয়ে গণসচেতনতাই শিশু মৃত্যুহার কমিয়ে আনতে পারে।
* মাদক নিয়ন্ত্রণে সরকারি বিধি নিষেধ নয় গণ সচেনতাই অধিক গুরুত্বপূর্ণ।
* দারিদ বিমোচন নয় পরিবেশ রক্ষাই হবে এই শতকের প্রধান চ্যালেঞ্জ।
* অদূর ভবিষ্যতে সাংস্কৃতিক ভিন্নতা বিলুপ্ত হবে।
* আঞ্চলিক সহযোগিতা ছাড়া বাংলাদেশের দুর্যোগের কারণে সৃষ্ট ক্ষয়-ক্ষতি হ্রাস সম্ভব নয়।
* স্থানীয় সরকারের ক্ষমতায়ন ছাড়া বাংলাদেশের দুর্যোগের ঝুঁকি হ্রাস সম্ভব নয়।



www.nagorikpathagar.org

* বৈদেশিক অনুদান নয়, দেশীয় সম্পদের যথার্থ ব্যবহারই দারিদ বিমোচনে সফলতা আনবে।
* জীবন বোধের অভাব আগামী প্রজন্মের মূল সংকটে পরিণত হয়েছে।
* সমানাধিকারের সংগ্রামে নারীকে একাই লড়াই করতে হবে।
* শক্তিশালী প্রতিবেশী দেশ আমাদের উন্নয়ন ব্যাহত করছে।
* অধিকার সচেতন না হলে সঠিক জনপ্রতিনিধি নির্বাচন সম্ভব নয়।
* আমাদের মুক্তিযুদ্ধ সংস্কৃতির দ্বন্দ্ব।
* উন্নয়নশীল বিশ্বের জোট উন্নত বিশ্বের জোটকে শক্তিশালী করছে।
* গ্রামসরকার গঠন দুর্নীতি দমনের একমাত্র উপায়।
* প্রযুক্তিগত উন্নয়নের পথ ধরে মার্কিন আধিপত্য বন্ধ হবে।
* আগামী শতাব্দীর সকল যুদ্ধ হবে রক্তপাতহীন।
* পৃথিবী সাম্যের নয় অসাম্যের।
* আইন করে অভিবাসন বন্ধ করা উচিত।
* সংস্কৃতি রক্ষার গ্রাম দিয়ে শহরকে ঘিরে ফেলতে হবে।
* মাদক নিয়ন্ত্রণে রাজনৈতিক অঙ্গীকারের চেয়ে সামাজিক অঙ্গীকারই মুখ্য।
* রাজনীতি নয় সাম্প্রদায়িকতাই বিশ্বশান্তি নষ্ট করছে।
* সম্পদ নয় নেতৃত্বের সংকট আমাদের পশ্চাৎপদতার মূল কারণ।
* ছাত্ররাজনীতি নয়, শিক্ষক রাজনীতি শিক্ষাঙ্গনের সুস্থ কার্যক্রম ব্যাহত হওয়ার জন্য দায়ী।
* আমলাতান্ত্রিক জটিলতা অর্থনৈতিক উন্নয়নের প্রধান বাধা।
* কর্মক্ষেত্রে পুরুষের চেয়ে নারীরা অধিক দায়িত্বশীল।
* সভ্যতার ক্রমবিকাশের সাথে সাথে মানবতা বঞ্চিত হচ্ছে।
* পরাশক্তির ভারসাম্য বিনষ্ট হওয়ায় বিশ্বব্যাপী যুদ্ধের আশঙ্কা বেড়ে যাচ্ছে।
* সুষ্ঠু পরিকল্পনার অভাবেই জনশক্তি রফতানির প্রধান অন্তরায়।
* শক্তিশালী স্থানীয় সরকার সুশাসন নিশ্চিত করতে পারে।
* কোটাপ্রথা সামাজিক বৈষম্য বাড়িয়ে দিচ্ছে।
* বর্তমান প্রজন্মের ভবিষ্যৎ আলোকিত।
* প্রবীণদের অনুভূতি সঞ্চালনে ব্যর্থতাই তরুণদের জীবনবিমুখ করছে।
* আকাশ সংস্কৃতি শহরের তুলনায় গ্রামের সংস্কৃতিকে বেশি ক্ষতি করছে।
* উপযুক্ত আইনের মাধ্যমে চিকিৎসকদের অধিক জনসংশ্লিষ্ট করে তোলা সম্ভব।
* শক্তিশালী প্রতিবেশী দেশ আমাদের উন্নয়ন ব্যাহত করছে।
* অধিকার সচেতন না হলে সঠিক জনপ্রতিনিধি নির্বাচন সম্বব নয়।
* উপযুক্ত অনুবাদের অভাব আমাদের সাহিত্য উন্নতির প্রধান অন্তরায়।
* তরুণদের জীবনবিমুখতার প্রধান কারণ আদর্শের সংকট ।
* শক্তির ভারসাম্য নিয়ন্ত্রণে আর একটি স্নায়ুযুদ্ধের প্রয়োজনীয়তা অপরিহার্য।



www.nagorikpathagar.org

* সকল ব্যর্থতা সরকারের ওপর চাপানো আমাদের চেতনার সবচেয়ে বড় ব্যাধি।
* পাঠদানে ব্যাপক পরিবর্তন ও চাপ বৃদ্ধির মাধ্যমে শিক্ষাঙ্গনে সন্ত্রাস হ্রাস করা সম্ভব।
* বেসরকারি টিভি চ্যানেলগুলো মানুষকে বিপথগামী করছে।
* অর্থনীতি সংস্কৃতির নিয়ন্ত্রক।
* সুষ্ঠু পরিকল্পনার অভাব দারিদ্র বিমোচনের প্রধান অন্তরায়।
* মুক্তবাজার অর্থনীতি নব্য সাম্রাজ্যবাদের মূল হাতিয়ার।
* প্রাচ্য ও পাশ্চাত্য সংস্কৃতির মিশ্রণ সাংস্কৃতিক সংকটের মূল কারণ।
* সাম্প্রদায়িকতা নয়, রাজনীতিই বর্তমানে বিশ্বে সব সমস্যার মূল।
* অর্থনীতিই সংস্কৃতির মূল।
* পল্লী উন্নয়নের ক্ষেত্রে শিক্ষার অভাবই বর্তমানে মূল প্রতিবন্ধক।
* সম্পদের অভাব নয়, যোগ্য নেতৃত্বের অভাবই তৃতীয় বিশ্বের মূল সমস্যা।
* আমাদের স্বাধীনতা অর্জন নয়, সময়ের অপরিণত উপহার মাত্র।
* কল্যাণমূলক অর্থনীতির তত্ত্বই পারে বর্তমান বিশ্বের অর্থনৈতিক বৈষম্য হ্রাস করতে।
* মাদক নিরাময়ে সামাজিক অঙ্গীকারের চেয়ে রাজনৈতিক অঙ্গীকার অধিক প্রয়োজনীয়।
* আগামী পৃথিবীতে সাহিত্য ও দর্শন গুরুত্বহীন হয়ে পড়বে।
* আমাদের অনুন্নয়নের প্রধান কারণ বর্ণিল বিভাজন।
* স্থানীয় সরকার নয়, স্থানীয় স্বায়ত্তশাসিত সরকারই আমাদের উন্নয়নের পূর্ব শর্ত।
* রাজনৈতিক দূরদর্শিতার অভাব আমাদের অর্থনৈতিক পশ্চাদপদতার প্রধান কারণ।
* আন্তর্জাতিক সন্ত্রাসবাদে ধর্ম নয়, উন্নত বিশ্বের শোষণমুক্ত মনোভাবই প্রধান ইন্ধন যোগাচ্ছে।
* জাতিসংঘে বাংলাদেশের সক্রিয় অংশগ্রহণ অভ্যন্তরীণ ক্ষেত্রে বৈদেশিক প্রভাব হ্রাস করবে।
* শান্তি প্রতিষ্ঠার সংগ্রামে উন্নয়নশীল দেশগুলোর ভূমিকাই মুখ্য।
* সরকার নয় জনগণের অসহযোগী মনোভাবই অপরিকল্পিত নগরায়ণের জন্য প্রধানত দায়ী।
* সময় এখন বিতর্কের নয় বিপ্লবের।
* কার্টুন ছবি শিশুদের সৃজনশীলতা নষ্ট করছে। প্রযুক্তির উন্নয়ন সাহিত্যকে অপ্রয়োজনীয় করে তুলেছে।
* আমাদের দেশের গণতন্ত্রকে অর্থবহ করে তোলার জন্য অর্থনৈতিক উন্নয়নকে অগ্রাধিকার দেয়া উচিত।
* ভূমি সংস্কার ছাড়া কোনভাবেই দারিদ্র বিমোচন সম্ভব নয়।

www.nagorikpathagar.org

* আকাশ সংস্কৃতি নবীন প্রবীণ দ্বন্দ্বকে প্রকট করে তুলছে।
* বাজার অর্থনীতিতে পণ্যের মান নয় বিপণন কৌশলই রফতানি বাণিজ্যে প্রবৃদ্ধি নিশ্চিত করতে পারে।
* মানবাধিকার লঙ্ঘনের জন্য রাষ্ট্র নয়, ব্যক্তিগত অসচেতনতাই প্রধানত দায়ী।
* সরকার জনগণের অসহযোগী মনোভাবই অপরিকল্পিত নগরায়নের জন্য প্রধানত দায়ী।
* প্রযুক্তির উন্নয়ন সাহিত্যকে অপ্রয়োজনীয় করে তুলছে।
* প্রযুক্তিনির্ভর বিশ্বায়ন বিশ্বব্যাপী দারিদ্র্য বিমোচনের সমাধান নয়।
* ব্যক্তি খাতের ব্যাপক অংশগ্রহণ ব্যতীত দরিদ্র দেশে শিল্প উন্নয়ন সম্ভব নয়।
* কেবলমাত্র শাস্তিমূলক ব্যবস্থাই অপরাধ প্রবণতা দূর করতে পারে।
* মানবতা প্রতিষ্ঠার লক্ষ্যে আন্তর্জাতিক অর্থনৈতিক বৈষম্য দূর করা উচিত।
* নিয়মিত স্থানীয় সরকার নির্বাচনই তৃণমূল পর্যায়ে গণতন্ত্র বিকাশের প্রধান শর্ত।
* জাতীয় বাজেটের মূল ফোকাস হওয়া উচিত পরিবেশ উন্নয়ন।
* আমলাতান্ত্রিক অসাধুতাই খেলাপি সংস্কৃতির প্রধান ভিত্তি।
* আইনের চেয়ে প্রথা শক্তিশালী।
* এদেশে চলমান উদ্যোক্তা শ্রেণি দিয়ে শিল্পায়ন সম্ভাবনা নেই।
* একতার চেয়ে সততা আজ অধিক প্রয়োজন।
* ক্ষুদ্র ঋণ নয়, খাসজমি বিতরণের মধ্য দিয়েই দারিদ্র্য বিমোচন সম্ভব।
* শ্রেণী বৈষম্যের অর্থনীতিই আমাদের দারিদ্র্যর প্রধান কারণ।
* শিক্ষিত শ্রেণির আত্মকেন্দ্রিকতাই আমাদের পশ্চাৎপদতার মূল কারণ।
* মান ঘাটতিই দেশীয় পণ্যের বড় বাজার সৃষ্টি না হওয়ার প্রধান কারণ।
* আগামী প্রজন্মের শিক্ষাব্যবস্থায় সাহিত্য ও দর্শনের প্রয়োজনীয়তা হ্রাস পাবে।
* প্রকৃত মৎস্যজীবীদের হাতেই খাস জলাশয় তুলে দেয়া উচিত।
* বেসরকারীকরণ প্রক্রিয়াই বাংলাদেশের টেলিযোগাযোগের উন্নতির একমাত্র উপায়।
* সর্বস্তরের মানুষের শহরমুখী প্রবণতাই দেশের সার্বিক উন্নয়নের প্রধান বাধা।
* সমাজে বিদ্যমান শিশু শ্রমের চাহিদা অগ্রাহ্য করার উপায় নেই।
* ব্যাপক জাতীয়করণ ব্যতীত বেকারত্ব হ্রাস সম্ভব নয়।
* অবাধবাণিজ্য চালু করলে সার্ক অঞ্চলের প্রবৃদ্ধি দ্রুততর হবে।
* এ মুহূর্তে প্রযুক্তির অধিকতর ব্যবহারই অর্থনৈতিক মুক্তি দিতে সক্ষম।
* পাঠ্যক্রমে তথ্য প্রযুক্তির অন্তর্ভুক্তি ছাড়া বিজ্ঞান শিক্ষা অর্থহীন।
* জনসচেতনতার অভাবই গ্রামীণ স্বাস্থ্যসেবা ব্যবস্থার মূল দুর্বলতা।
* মানহীনতা নয়, মানসিকতাই পারে স্বদেশী পণ্যের ব্যবহার বৃদ্ধি করতে।
* দারিদ্র্য নয় প্রাচুর্যই পরিবেশের প্রতি প্রধান হুমকি।
* এককেন্দ্রিক বিশ্বব্যবস্থায় তথ্য প্রযুক্তিই হবে নিয়ন্ত্রক।



www.nagorikpathagar.org

* বিশ্বায়ন ধনী দরিদ্রের ব্যবধান কমিয়ে আনবে।
* যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন সড়ক দুর্ঘটনা হ্রাসের একমাত্র শর্ত।
* আমলাতান্ত্রিক জটিলতাই সুসংহত বাংলাদেশ গড়বার প্রধান অন্তরায়।
* ব্যান্ড সঙ্গীত আমাদের নিজস্ব সঙ্গীত ঐতিহ্যকে ধ্বংস করছে।
* আইন নয়, নাগরিক সচেতনতাই পারে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে।
* জনসংখ্যার বহুমুখী ব্যবহার জনসংখ্যা সমস্যা সমাধানের একমাত্র উপায়।
* আকাশ সংস্কৃতি দেশীয় সংস্কৃতিতে বিরূপ প্রভাব ফেলছে।
* সাংস্কৃতিক সংকটই তৃতীয় বিশ্বের অর্থনৈতিক দৈন্যতার মূল কারণ।
* সামাজিক অস্থিতিশীলতার প্রধান কারণ সম্প্রদায়িকতা।
* ট্রেড ইউনিয়নের কর্মকান্ডই শিল্পখাতে লোকসানের মূল কারণ।
* বৈদেশিক সাহায্যনির্ভর উন্নয়ন বাজেট অর্থনীতিকে পঙ্গু করছে।
* সরকারি রাজস্ব বৃদ্ধিতে সেবাখাতগুলো বেসরকারীকরণ করা উচিত।
* তথ্যপ্রযুক্তি উন্নয়নশীল বিশ্বের জন্য মৃত্যুফাঁদ।
* মঙ্গল গ্রহে অভিযান উন্নত বিশ্বের বিলাসিতা।
* শক্তিশালী স্থানীয় সরকার অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত।
* সংস্কৃতি রক্ষার প্রয়োজনীয়তা শেষ হয়ে গেছে।
* উপযুক্ত উদ্যোক্তার অভাবেই আমাদের শিল্পায়ন স্থবির।
* একবিংশ শতাব্দীতে সামাজিকতা বৃদ্ধি পাবে তবে আন্তরিকতা হ্রাস পাবে।
* দেশের জাতীয় উন্নয়নে বুদ্ধিজীবীর চেয়ে শ্রমজীবীরাই অধিকতর ভূমিকা পালন করে।
* শ্রমের প্রতি অমর্যাদাই আমাদের অনগ্রসরতার একমাত্র কারণ।
* ইলেকট্রনিক সাংবাদিকতা প্রসারের ফলে সংবাদপত্রের গুরুত্ব কমে যাচ্ছে।
* আমাদের শিল্প ক্ষেত্রে অনগ্রসরতার জন্য প্রতিযোগিতার অভাবই মূলত দায়ী।
* আইন করে নয় বরং সমাজকে সচেতন করেই সামাজিক অনাচার রোধ করা সম্ভব।
* পারিপার্শ্বিকতা নয়, মানসিকতাই ডাক্তারদের গ্রামে যাওয়ার পথে প্রধান অন্তরায়।
* সর্বস্তরে দ্রুত বাংলা প্রচলনের জন্য জনগণের ব্যাপক অংশগ্রহণই একমাত্র পন্থা।
* আইনের কঠোর প্রয়োগ ব্যতীত প্রকাশ্য স্থানে ধূমপান নিবারণ সম্ভব নয়।
* প্রযুক্তিনির্ভরতাই দারিদ্র্য বিমোচনের বৈশ্বিক লড়াইয়ের স্থায়ী সমাধান।
* স্যাটেলাইট সংস্কৃতির বিস্তারই যুবসমাজের নৈতিক অবক্ষয়ের মূল কারণ।
* বিশ্বায়নের সুবাতাস আমাদের সংস্কৃতিকে আরো শক্তিশালী করছে।
* নৌপরিবহন ব্যবস্থার আধুনিকীকরণের মাধ্যমেই যোগাযোগব্যবস্থার সার্বিক উন্নয়ন সম্ভব।
* তৃতীয় বিশ্বের জন্য গণতন্ত্র উৎকৃষ্ট শাসনব্যবস্থা নয়।
* পরিবেশ বিপর্যয় বর্তমান বিশ্বের প্রধান হুমকি।



www.nagorikpathagar.org

* বৈদেশিক সাহায্যনির্ভরতা আমাদের উন্নয়নের প্রধান অন্তরায়।
* ক্লোনিং গবেষণা বন্ধ করা দরকার।
* বিশ্বায়ন ধনী-দরিদ্রের বৈষম্য বৃদ্ধি করছে।
* জাতিসংঘ বিশ্বশান্তি প্রতিষ্ঠার জন্য একটি ব্যর্থ প্রতিষ্ঠান।
* প্রযুক্তির জোয়ারে সাহিত্য আজ নির্বাসনে।
* বাংলাদেশে শিশুশ্রম নিষিদ্ধ করা উচিত।
* সাংস্কৃতিক আগ্রাসনই নৈতিক অবক্ষয়ের প্রধান কারণ।
* মুক্তিযুদ্ধের চেতনা আজ সভা-সেমিনারে সীমাবদ্ধ।
* পলাশীর অস্তমিত সূর্য আজও উদিত হয়নি।
* বাংলাদেশের স্বাধীনতাকে অক্ষুন্ন রাখতে বুদ্ধিজীবী শ্রেণির দায়িত্বই বেশি।
* অর্থনৈতিক মুক্তির মধ্য দিয়েই স্বাধীনতার প্রকৃত স্বাদ পাওয়া সম্ভব।
* শিক্ষার আলো ঘরে ঘরে পৌছানোর মাধ্যমেই স্বাধীনতাকে অর্থবহ করে তোলা সম্ভব।
* এই শতকে বাংলাদেশ এশিয়ার সফলতম রাষ্ট্রে পরিণত হবে।
* দুর্নীতিমুক্ত একটি সফল বাংলাদেশ পেলেই স্বাধীনতা অর্থবহ হবে।
* স্বৈরাচারবিরোধী আন্দোলন ছিল মুক্তিযুদ্ধের ধারাবাহিকতা মাত্র।
* মুক্ত বাংলাদেশ আজও মুক্ত সংস্কৃতি পায়নি।
* বাংলাদেশ তার শ্রেষ্ঠ সন্তানদের মূল্যায়ন করেনি।
* ঢাকায় সন্ত্রাস প্রতিরোধে জনসচেতনতাই একমাত্র সমাধান।
* আইনশৃঙ্খলা বাহিনীর যথাযথ মনিটরিং ব্যবস্থাই সকল প্রকার সন্ত্রাস প্রতিরোধ করতে পারে।
* বাজারদর বৃদ্ধি প্রতিরোধে প্রধান ভূমিকা সচেতন নগরবাসীর।
* তরুণ প্রজন্মের অবক্ষয়ের জন্য আকাশ সংস্কৃতি নয় অভিভাবকেরাই দায়ী।
* অভিভাবকদের উদাসীনতাই তরুণ প্রজন্মের অবক্ষয়ের জন্য দায়ী।
* গণমাধ্যম সব-সময়ই গণমানুষের কথা বলে।
* মানবাধিকার বাস্তবায়নে আইনের ভূমিকাই মুখ্য।
* প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধে গণমাধ্যমের ভূমিকাই মুখ্য।
* জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি হ্রাসে গণমাধ্যম প্রধান ভূমিকা পালন করতে পারে।
* তৃতীয় বিশ্বের জন্য গণতন্ত্রই উপযোগী।
* সরকারি ডাক্তারদের প্র্যাকটিস জনগণের স্বাস্থ্য সুবিধা নিশ্চিতকরণে প্রধান বাধা।
* শক্তিশালী স্থানীয় সরকার সুশাসন নিশ্চিত করতে পারে।
* সামাজিক মূল্যবোধের অবক্ষয় রোধই জঙ্গিবাদের বিস্তার রোধের সবচেয়ে কার্যকরী পন্থা।
* বিদ্রোহী বিডিআরদের সামরিক আইনে বিচার করা উচিত।
* পরনির্ভরশীল অর্থনীতি রাষ্ট্রীয় নীতি ও পরিকল্পনার প্রধান বাধা।

www.nagorikpathagar.org

* কঠোর আইনপ্রণয়নের মাধ্যমে জঙ্গিবাদ নিরসন সম্ভব।
* অর্থনৈতিক মুক্তি ব্যতীত সাংস্কৃতিক মুক্তি অসম্ভব।
* আইনের কার্যকর প্রয়োগের অভাবই সামাজিক অপরাধ প্রবণতার মূল কারণ।
* যে কোনো দাবির চেয়ে যুদ্ধাপরাধীদের বিচারের দাবি এই সময়ের প্রথম দাবি হওয়া উচিত।
* স্যাটেলাইট সংস্কৃতির প্রভাবে হারিয়ে যাচ্ছে প্রান্তিক জনগোষ্ঠীর স্বকীয়তা।
* বিশ্বায়নের সুবাতাস আমাদের সংস্কৃতিকে আরো বেশি শক্তিশালী করছে।
* ধর্মভিত্তিক রাজনীতির পৃষ্ঠপোষকতা বাংলাদেশের নিজস্ব সংস্কৃতির বিকাশে প্রধান বাধা।
* ইতিহাস বিকৃত করা যায় না।
* কেবল সামাজিক সচেতনতাই পারে জনসংখ্যা সমস্যার সমাধান করতে।
* পারিবারিক আলাপ-আলোচনাই এইডস প্রতিরোধের প্রধান মাধ্যম।
* সচেতন নাগরিকই পারে বিদ্যুৎ বিভ্রাট রোধে অগ্রগণ্য ভূমিকা পালন করতে।
* কম উৎপাদন নয় বিদ্যুতের অপচয়ই আমাদের বিদ্যুৎ ঘাটতির প্রধান কারণ।
* সরকার নয়, জনগণের অসচেতনতাই নদীর পানি দূষণের প্রধান কারণ।
* কঠোর আইন প্রণয়ন ও বাস্তবায়নই পারে ঢাকার দূষণসমূহ বন্ধ করতে।
* নগরবাসীকে রাজনৈতিকভাবে সক্রিয় করার দায়িত্ব সরকারের।
* নাগরিক অধিকারের নিশ্চয়তা প্রদান কেবল সরকারেরই দায়িত্ব।
* সুষ্ঠু পানি বন্টন ব্যবস্থার অভাব নয় পানির অপচয় ও সংরক্ষণের ব্যর্থতাই শুষ্ক মৌসুমে ঢাকার পানি সংকটের মূল কারণ।
* পানির অতিরিক্ত চাহিদাই ঢাকার পানি সংকটের মূল কারণ।
* আকাশ সংস্কৃতি গণমাধ্যমের স্বাধীনতা সুনিশ্চিত করছে।
* বুদ্ধিজীবী শ্রেণি অপেক্ষা শ্রমজীবী শ্রেণিই পারে একটি দেশের উন্নয়নে মুখ্য ভূমিকা রাখতে।
* শান্তির জন্য যুদ্ধ অপরিহার্য।
* সভ্যতার ক্রমবিকাশ মানুষকে ক্রমশ জটিল করে তুলেছে।
* সকল সংগ্রামের মূল কারণ অর্থনীতিতে নিহিত।
* বর্তমান প্রজন্মের ভবিষ্যৎ আলোকিত।
* আমাদের বর্তমান বিজ্ঞাপন চিত্রগুলোতে দেশীয় মূল্যবোধগুলো বিপন্ন হচ্ছে।
* মুনাফা প্রবণতা হ্রাসের মাধ্যমেই একটি সংবাদপত্রের জনপ্রিয়তা বৃদ্ধি সম্ভব।
* মধ্যবিত্ত পাঠকের রুচিকে প্রাধান্য দানের মাধ্যমেই একটি সংবাদপত্রের জনপ্রিয়তা বৃদ্ধি সম্ভব।
* প্রতিযোগিতার অভাবই আমাদের শিল্পক্ষেত্রে অনগ্রসরতার মূল কারণ।
* জনসংখ্যার বহুমুখী ব্যবহারই আমাদের অর্থনৈতিক সমৃদ্ধি দিতে পারে।
* পাশ্চাত্য সংস্কৃতির প্রভাবই আমাদের যুবসমাজের অস্থিরতার মূল কারণ।

www.nagorikpathagar.org

* উন্নততর প্রযুক্তি আহরণের মাধ্যমেই দেশের খনিজ সম্পদসমূহের যথার্থ ব্যবহার নিশ্চিত করা সম্ভব।

* শান্তির জন্য যুদ্ধ অপরিহার্য নয়।

* দেশের জলাবদ্ধতা নিরসনে জনসচেতনতার চেয়ে কর্তৃপক্ষের পদক্ষেপই অধিকতর গুরুত্বপূর্ণ।

* দেশের সন্ত্রাস দমনে গণমাধ্যমের ভূমিকাই প্রধান।

* আমদানি নির্ভরতা হ্রাসের মাধ্যমেই দেশের কাঁচাবাজার স্থিতিশীল রাখা সম্ভব।

* ডাক্তারের মানসিকতাই প্রত্যন্ত অঞ্চলের মানুষদের চিকিৎসাসেবা থেকে বঞ্চিত করছে।

* আবাদি ভূমির স্বল্পতাই এ দেশে স্বনির্ভর খাদ্য উৎপাদনের প্রধান প্রতিবন্ধক।

* রণাঙ্গনে বিজয়ের জন্য কৌশলের চাইতে দেশপ্রেমই অধিক গুরুত্বপূর্ণ।

* শুধুমাত্র সরকারি পৃষ্ঠপোষকতা নয় জনগণের অংশগ্রহণই পারে দেশের পর্যটন শিল্পের উন্নয়ন ঘটাতে।

* শ্রমিকদের কাজের উপযুক্ত পরিবেশ সৃষ্টির নিশ্চয়তাই পারে দেশের পোশাক শিল্পের উন্নয়নের নিশ্চয়তা দিতে।

* পর্যাপ্ত উৎপাদন নয় বরং সুষম বন্টন-ই পারে উন্নয়নের নিশ্চয়তা দিতে।

* আপস করা মানেই পরাজিত হওয়া নয়।

* অর্থনীতি নয়, রাজনীতি-ই হবে আগামী বিশ্বের প্রধান নীতিনির্ধারক।

* শিল্পায়ন নয় গ্রামীণ অর্থনীতির উন্নয়নের মাধ্যমেই দেশের উন্নয়ন সম্ভব।

* শাস্তি নয়, সংশোধনের মাধ্যমেই অপরাধ নিয়ন্ত্রণ সম্ভব।

* মূল্যবোধের অভাবই বাংলা নাটকের বর্তমান বিপন্নতার প্রধান কারণ।

* আমাদের পূর্ব পুরুষেরা আমাদের চাইতে সৃজনশীল ছিল।

* ধৈর্যের অভাব নয়, সাহসের অভাবই আমাদের পশ্চাৎপদতার মূল কারণ।

* আর্থিক পৃষ্ঠপোষকতাই পারে সুস্থ ধারার চলচ্চিত্র নির্মাণে মুখ্য ভূমিকা পালন করতে।

* মানবাধিকার রক্ষায় আন্তর্জাতিক সংস্থার ভূমিকাই প্রধান।

* সাংস্কৃতিক সংকটই তৃতীয় বিশ্বের অর্থনৈতিক দৈন্যতার মূল কারণ।

* অর্থনৈতিক স্বনির্ভরতা ছাড়া সন্ত্রাস দূরীকরণ সম্ভব নয়।

* ক্রমবর্ধমান সন্ত্রাসের মূল কারণ সামাজিক নয় অর্থনৈতিক।

* সুস্থধারার চলচ্চিত্র নির্মাণে আর্থিক পৃষ্ঠপোষকতাই পারে মুখ্য ভূমিকা পালন করতে।

* সঙ্গীত নয়, সাহিত্যচর্চাই পারে বাঙালির অস্থিরচিত্তে প্রশান্তি দান করতে।

* মূল্যবোধের অভাবই বাংলা নাটকের বর্তমান দুরবস্থার মূল কারণ।

* নাগরিক সচেতনতাই পারে ঢাকার বিদ্যুৎ সমস্যা সমাধানে মুখ্য ভূমিকা পালন করতে।

www.nagorikpathagar.org

* নিরপেক্ষ সংবাদ পরিবেশনই সংবাদপত্রের মানোন্নয়নের প্রধান শর্ত।
* মূল্যবোধের বিকাশই উন্নত জাতিগঠনের একমাত্র শর্ত।
* আইনের কঠোর প্রয়োগই এসিড নিক্ষেপের প্রবণতা দূরীভূত করতে পারে।
* সর্বস্তরের মানুষের শহরমুখী প্রবণতাই দেশের সার্বিক উন্নয়নের প্রধান বাধা।
* পিতা-মাতার সচেতনতার ওপরই সন্তানের সাফল্য নির্ভর করে।
* ব্যাপক পরিবেশ দূষণই নগর জীবনের প্রধান সমস্যা।
* চিকিৎসকদের শহরমুখী প্রবণতাই মা ও শিশুর স্বাস্থ্যহীনতার জন্য দায়ী।
* তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা পৌঁছে দেয়ার মাধ্যমেই শিশুদের পুষ্টিহীনতা রোধ করা সম্ভব।
* মানবাধিকার সম্পর্কে শিক্ষার অভাবই অনুন্নত বিশ্বে মানবাধিকার লঙ্ঘনের প্রধান কারণ।
* ব্যবস্থাপনার অদক্ষতাই শিল্পখাতে ভর্তুকির প্রধান কারণ।
* শক্তিশালী স্থানীয় সরকারই সমৃদ্ধ গ্রামীণ অর্থনীতির প্রধান শর্ত।
* সহজশর্তে ঋণ প্রদানের মাধ্যমেই দারিদ্র্য দূরীকরণ সম্ভব।
* বর্ধিত খাদ্য উৎপাদনই আগামী দিনের ক্ষুধা নিবারণে মূল ভূমিকা পালন করবে।
* সুস্থ সংস্কৃতি চর্চাই সুষ্ঠু গণতন্ত্র চর্চার প্রধান শর্ত।
* শব্দ দূষণ প্রতিরোধে আইন প্রণয়নের কোনো বিকল্প নাই।
* ব্যক্তিখাতের অংশগ্রহণ ব্যতীত সেবা সার্ভিসসমূহের মানোন্নয়ন সম্ভব নয়।
* দেশীয় পণ্যের সুরক্ষা ব্যতীত শিল্পায়নের গতি আনয়ন অসম্ভব।
* সম্পদের অভাব নয়, ব্যবস্থাপনার অদক্ষতাই অর্থনৈতিক উন্নতির পথে প্রধান প্রতিবন্ধক।
* কেবলমাত্র চিকিৎসা সেবার শহরকেন্দ্রিকতার অবসানই জনস্বাস্থ্য নিশ্চিত করতে পারে।
* আইন প্রণয়ন নয়, সামাজিক সচেতনতাই দুর্নীতি প্রতিরোধে একমাত্র কার্যকর উপায়।
* খাদ্য উৎপাদন বৃদ্ধিই অনাহার দূরীকরণের প্রধান মাধ্যম।
* প্রাকৃতিক সম্পদের প্রাচুর্য নয়, মানবসম্পদের উন্নয়নই অর্থনৈতিক উন্নতির প্রধান পূর্বশর্ত।
* সংবাদের আধিক্য নয় বরং অনুষ্ঠানের প্রচারই টেলিভিশন চ্যানেলকে জনপ্রিয় করতে পারে।
* মৌলবাদের উত্থানই বাঙালি সংস্কৃতির জন্য সবচাইতে বড় হুমকি।
* অর্থনৈতিক মুক্তির মাধ্যমেই শিক্ষার বৈষম্য দূর করা সম্ভব।
* নগরকেন্দ্রিক নয়, গ্রামভিত্তিক কৌশলই কেবল বৈষম্যহীন উন্নয়নের নিশ্চয়তা দিতে পারে।
* বাঙালি সংস্কৃতির প্রতি আনুগত্যই পারে টেলিভিশন অনুষ্ঠানের মান বজায়

www.nagorikpathagar.org

রাখতে।
* ভূমিব্যবস্থায় আমূল পরিবর্তন না করলে ভূমিহীন বাড়াতেই থাকবে।
* আইন প্রয়োগকারী সংস্থার ব্যর্থতা নয়, রাজনৈতিক সদিচ্ছার অভাবই ক্রমবর্ধমান সন্ত্রাসের মূল কারণ।
* মানবাধিকার সংকটই তৃতীয় বিশ্বের অর্থনৈতিক দৈন্যতার মূল কারণ।
* অর্থনৈতিক স্বনির্ভরতা ছাড়া সন্ত্রাস দূরীকরণ সম্ভব নয়।
* ক্রমবর্ধমান সন্ত্রাসের মূল কারণ সামাজিক নয়, অর্থনৈতিক।
* অর্থনৈতিক সমৃদ্ধিই সুখ ও শান্তির পূর্বশর্ত।
* সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠাই বাংলাদেশের ভবিষ্যৎ সামাজিক ভারসাম্য সুরক্ষার প্রধান দাবি।
* রাষ্ট্রের সার্বভৌম চেতনার উন্মেষ সাধনে মেধা ও শ্রম রফতানি নিরুৎসাহিত করা উচিত।
* মুক্তবাজার অর্থনীতির বিরোধিতা নয় বরং শ্রমের অবাধ স্থানান্তর আইনসিদ্ধ করা উচিত।
* বিশ্বায়ন দরিদ্র দেশসমূহকে দরিদ্রতর করছে।
* রাজনৈতিক দুর্বৃত্তায়নের প্রধান কারণ অর্থনৈতিক।
* আমলাতান্ত্রিক অব্যবস্থাপনাই বৈদেশিক বিনিয়োগকে নিরুৎসাহিত করছে।
* গণতান্ত্রিক শাসনব্যবস্থা অবকাঠামোগত উন্নয়নকে ত্বরান্বিত করে।
* তৃতীয় বিশ্বে শিশুশ্রমের ওপর নিষেধাজ্ঞা অমানবিক।
* কর্মক্ষেত্রে কোটাপ্রথাই অদক্ষ ব্যবস্থাপনার প্রধান কারণ।
* মুক্তবাজার অর্থনীতি তৃতীয় বিশ্বের স্বনির্ভর অর্থনীতি বিকাশের প্রধান অন্তরায়।
* যথাযথ আইন প্রয়োগের ব্যর্থতাই নৌ দুর্ঘটনার মূল কারণ।
* বাংলাদেশের অর্থনীতি শিল্পনির্ভর নয়, বাণিজ্যনির্ভর হওয়া উচিত।
* আকাশ সংস্কৃতি সামাজিক অশ্লীলতার প্রধান উৎস।
* বৈদেশিক সাহায্যনির্ভর উন্নয়ন বাজেট আমাদের অর্থনীতিকে পঙ্গু করবে।
* প্রকৃত সমাজমনস্কতাই সুনাগরিক গড়তে পারে।
* ছোট হয়ে আসছে পৃথিবী শ্লোগানটি মূল বিচারে বাণিজ্যিক।
* সুদক্ষ অর্থনৈতিক ভিত্তি প্রতিষ্ঠার লক্ষ্যে অনতিবিলম্বে সমবায়ভিত্তিক কৃষিব্যবস্থা গড়ে তোলা উচিত।
* মুক্তবাজার অর্থনীতিতে প্রবেশের জন্য আমাদের আরও সময় নেয়া উচিত।
* সামাজিক দৃষ্টিভঙ্গিই এগিয়ে যাবার পথে প্রধান বাধা।
* প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমেই অর্থনৈতিক স্বনির্ভরতা আনয়ন সম্ভব।
* শিশুদের জন্য হ্যাঁ বলুন' শ্লোগানটির বাস্তবায়নে রাজনৈতিক অঙ্গীকারের চেয়ে সামাজিক অঙ্গীকার অধিক গুরুত্বপূর্ণ।



www.nagorikpathagar.org

* সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে গণতান্ত্রিক ব্যবস্থায় বিরোধী দলের ভূমিকা সরকারি দলের চেয়ে অধিক।
* আমলাতান্ত্রিক জটিলতাই সুসংহত বাংলাদেশ গড়বার প্রধান অন্তরায়।
* আমাদের স্বাস্থ্য সুরক্ষায় রাষ্ট্র নয় পরিবারের ভূমিকাই মুখ্য।
* যুদ্ধোত্তর সময়কে চলচ্চিত্রের শ্রেষ্ঠ সময় হিসেবে বিবেচনা করা হোক।
* বাধাহীন বিনিময়ই আমাদের সংস্কৃতির সুস্থ বিকাশ নিশ্চিত করতে পারে।
* স্যাটেলাইট সংস্কৃতি সাংস্কৃতিক কর্মযজ্ঞ  নয় বিপণন কর্মকান্ড।
* প্রযুক্তি নির্ভরতাই দারিদ্র্য বিমোচনের বৈশ্বিক লড়াই এর স্থায়ী সমাধান।
* সমাজে বিদ্যমান শিশু শ্রমের চাহিদা অগ্রাহ্য করার উপায় নেই।
* ব্যাপক জাতীয়করণ ব্যতীত বেকারত্ব হ্রাস সম্ভব নয়।
* যানবাহন নিয়ন্ত্রণ আইনের উন্নয়নই দুর্ঘটনা কমাতে পারে।
* সভ্যতার ক্রমবিকাশের সাথে সাথে মানব চরিত্রের অবনতি ঘটছে।
* সভ্যতার ক্রমবিকাশের সাথে সাথে মানবতা বঞ্চিত হচ্ছে।
* বিজ্ঞান/সভ্যতা দিয়েছে বেগ, কেড়ে নিয়েছে আবেগ।
* ছাত্ররাজনীতি শিক্ষার অন্তরায়।
* এখন সময় সমন্বয়ের, দ্বন্দ্বের নয়।
* আমাদের সংস্কৃতির সবচেয়ে নিগৃহীত দিক হচ্ছে চলচ্চিত্র।
* ভাষাসৈনিকদের আন্দোলন বৃথা যায়নি।
* আইনের কঠোর প্রয়োগই পারে নাগরিক নিরাপত্তা নিশ্চিত করতে।
* পরিচ্ছন্ন শহরের জন্য বস্তি উচ্ছেদের বিকল্প নেই।
* গ্রামকে আধুনিকীকরণের ওপরই বাংলাদেশের উন্নতি নির্ভর করে।
* দারিদ্র্য বিমোচনের জন্য অবকাঠামোর উন্নয়নই যথেষ্ট।
* বাণিজ্য অবাধকরণ বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করবে।
* শুধু অর্থনৈতিক নীতি সংস্কার উন্নয়নের পূর্ব শর্ত হতে পারে না।
* আকাশ সংস্কৃতির প্রভাব তরুণ প্রজন্মকে বিপথগামী করছে।
* অর্থনৈতিক মন্দা ইউরোপের চেয়ে এশিয়ার অর্থনীতিতে ধস নামাবে।
* বিজ্ঞানের উৎকর্ষ আমাদের স্বপ্নগুলোকে পারমাণবিক করে তুলেছে।
* হালের ফ্যাশনে আজ জীবনবোধ অনুপস্থিত।
* তৃতীয় বিশ্বের অনগ্রসরতার জন্য তৃতীয় বিশ্বই দায়ী।
* দুই মেরুকেন্দ্রিক বিশ্বের চেয়ে এক মেরুকেন্দ্রিক বিশ্ব অধিক নিরাপদ।
* দুর্নীতি প্রতিরোধে সামাজিক মূল্যবোধই যথেষ্ট।
* প্রশাসনিক অদক্ষতাই দুর্নীতিকে ত্বরান্বিত করছে।
* নিরাপদ জ্বালানি সংকটই হবে আগামী দশকের সবচেয়ে বড় বিপর্যয়।
* মূল্যবোধের অবক্ষয়ই আমাদের জাতীয় উন্নতির প্রধান অন্তরায়।
* নিম্ন আয়ের দেশে গণতন্ত্র অপেক্ষা একনায়কতন্ত্র জরুরি।



www.nagorikpathagar.org

* ভোগবাদী মানসিকতা ভাগ্যান্বেষীদের দুর্দশার মূল কারণ।
* মানবিক মুক্তি অপেক্ষা অর্থনৈতিক মুক্তি বেশি জরুরি।
* আধুনিক স্বাস্থ্যসেবা বাড়ানোর একমাত্র উপায় মেডিক্যাল কলেজ বাড়ানো।
* শান্তিতে নোবেল ভালো কাজের অবমূল্যায়ন।
* পেশাদারিত্বের অভাব দেশের খেলার অনগ্রসরতার প্রধান কারণ।
* মূল্যবোধের অবক্ষয়ই জাতি উন্নতির প্রধান অন্তরায়।
* দেশপ্রেমের অভাবই আমাদের ব্যর্থতার মূল কারণ।
* জাতির উন্নতির মূল এখন বিদ্যুৎ ক্ষেত্রের ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি।
* মুক্তিযুদ্ধের অনুপ্রেরণাই পারে দেশে সূর্যসন্তানের জন্ম দিতে।
* মানুষের পক্ষে সকল প্রাকৃতিক দুর্যোগ রোধ করা সম্ভব।
* অপরিকল্পিত নগরায়ণই শহরে পরিবেশ দূষণের মূল কারণ।
* সুস্থ সাংস্কৃতিক পরিবেশই পারে দেশ থেকে মৌলবাদের শেকড় উপড়ে ফেলতে।
* মৌলবাদ বাংলাদেশের উন্নয়নের প্রধান অন্তরায়।
* কেবলমাত্র প্রগতিশীল রাজনৈতিক চেতনাই পারে দেশকে জঙ্গিমুক্ত করতে।
* কেবলমাত্র প্রগতিশীল সাহিত্য চর্চাই পারে দেশকে জঙ্গিমুক্ত করতে।
* লালনের আদর্শে বাংলাদেশ গড়ে তোলার মাধ্যমেই জঙ্গিবাদ দমন করা সম্ভব।
* একমাত্র অসাম্প্রদায়িকতাই পারে দেশকে মৌল ও জঙ্গিবাদ থেকে মুক্ত রাখতে।
* ধর্মীয় কুশিক্ষাই মৌলবাদ উত্থানের প্রধান নিয়ামক।
* মৌলবাদ সন্ত্রাসবাদের রূপ লাভে বাধ্য।
* মৌলবাদ একটি কল্পিত ধারণা।
* আদর্শবাদ এবং মৌলবাদ একে অন্যের পরিপূরক।
* সামাজিক অস্থিরতা বৃদ্ধিতে বিশ্বায়ন প্রধানতম নিয়ামক।
* আয়ের বৈষম্য বৃদ্ধি বিশ্বায়নের অন্যতম উপহার।
* বিনিয়োগের বিদেশী অংশগ্রহণ এদেশকে নব্য উপনিবেশে পরিণত করবে।
* পুঁজিবাদ শুধু মনুষ্য শ্রমকেই নয়, মানুষকেও পরিণত করেছে পণ্যে।
* নৈরাজ্যবাদ শুধুই একটি তাত্ত্বিক আলোচনা।

www.nagorikpathagar.org

# সংসদীয় বিতর্ক

ক্রিকেটের যেমন বিভিন্ন ফরম্যাট রয়েছে তেমনি বিতর্কেরও রয়েছে বিভিন্ন ফরম্যাট। বিভিন্ন মডেলের বিতর্ক আজকাল বাংলাদেশে জনপ্রিয়তা পেয়েছে। তবে সংসদীয় বিতর্ক সবচেয়ে বেশি গ্রহণযোগ্যতা লাভ করেছে। কিন্তু দুঃখজনকভাবে ঢাকার বাইরে এখনও এটি তেমন একটা প্রচলিত নয়। এখনও আমরা সনাতনী বিতর্কে বুঁদ হয়ে রয়েছি।
বিতর্ক অঙ্গনে '৯১ এর সংবিধান সংশোধনীর আগে থেকেই বিভিন্নভাবে সংসদীয় বিতর্কের চর্চা প্রচলিত থাকলেও অনেকটা জাতীয় রাজনীতির উপচে পড়া প্রভাবে মূলধারার বিতর্ক মডেলে পরিণত হয় '৯২-'৯৩ বা সমসাময়িক সময়ে। অল্প সময়ের মধ্যে সংসদীয় রীতির বিতর্ক একটি জনপ্রিয় ধারায় পরিণত হয়। জাতীয় টেলিভিশনে এবং প্রাইভেট টিভি চ্যানেলগুলোতে সংসদীয় বিতর্কের প্রচলন বলে দেয় প্রচলিত সনাতনী ধারা বা অন্য যেকোন ধারার মতই এই ধারাটিও সমৃদ্ধ এবং শক্তিশালী।

সংসদীয় বিতর্কের মূল ধারাটি এসেছে ব্রিটিশ পার্লামেন্টের 'হাউজ অব কমনস' বা নিম্নকক্ষের অধিবেশনে আয়োজিত বিষয়ভিত্তিক তর্কযুদ্ধকে অনুসরণ করে। এ পর্যন্ত সংসদীয় রীতির বাংলাদেশী এবং আন্তর্জাতিক রূপরেখায় তেমন বিশেষ কোন পার্থক্য নেই।

এখানে মোট পাঁচটি পরিচ্ছেদে সংসদীয় বিতর্কের নীতিমালা বর্ণনা করা হবে।
১ম পরিচ্ছেদ : পরিকাঠামো



www.nagorikpathagar.org

২য় পরিচ্ছেদ : স্পিকার, দায়িত্ব ও ক্ষমতা
৩য় পরিচ্ছেদ : বিতর্কের বিষয়বস্তু ( সংজ্ঞা, ব্যাখ্যা ), বিশ্লেষণ ও কৌশলপত্র
৪র্থ পরিচ্ছেদ : বক্তব্যের বৈশিষ্ট্য
৫ম পরিচ্ছেদ : পয়েন্টসমূহ

নিচে পরিচ্ছেদগুলোর ধারাবাহিক বিবরণ দেয়া হলো :

**১ম পরিচ্ছেদ : পরিকাঠামো**

১.১ : সংসদীয় বিতর্কে দুটি দল অংশগ্রহণ করবে।
১.২ : দল দুইটি সরকারি ও বিরোধী দল হিসেবে চিহ্নিত হবে।
১.৩ : সরকারি এবং বিরোধী উভয় দলে তিনজন করে বিতার্কিক থাকবেন। তবে দুইজনের সংসদীয় বিতর্কও অনুষ্ঠিত হতে পারে। সেক্ষেত্রে সব নিয়ম তিনজনের সাথে একই থাকবে, তবে বক্তার সম্বোধন হবে তিনজনের সংসদীয় বিতর্কের ১ম ও ৩য় বক্তার অনুরূপ।

১.৪ : বিতার্কিকদের পরিচিতি
ক) সরকারি দল : ১ম বক্তা (প্রধানমন্ত্রী এবং সংসদ নেতা), ২য় বক্তা (মন্ত্রী / সরকারদলীয় হুইপ), ৩য় বক্তা (সরকারদলীয় সংসদ সদস্য)
খ) বিরোধী দল : ১ম বক্তা (বিরোধীদলীয় নেতা), ২য় বক্তা (বিরোধীদলীয় উপনেতা) / বিরোধীদলীয় হুইপ), ৩য় বক্তা (বিরোধীদলীয় সংসদ সদস্য)

১.৫ : বক্তব্য প্রদানের ক্রমটি হবে- প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নেতা, মন্ত্রি/সরকারদলীয় হুইপ, বিরোধীদলীয় উপনেতা / বিরোধীদলীয় হুইপ, সরকারদলীয় সংসদ সদস্য, বিরোধীদলীয় সংসদ সদস্য, বিরোধীদলীয় নেতা (যুক্তিখণ্ডন), প্রধানমন্ত্রী (যুক্তিখণ্ডন ও সমাপনী বক্তব্য)।

১.৬ : বিতর্ক দুই ভাগে বিভক্ত। গঠনমূলক ও যুক্তিখণ্ডন।

১.৭ : একজন স্পিকার বিতর্ক পরিচালনা করবেন।
১.৮ : বিতর্ক মঞ্চে স্পিকার ও দুই দলের বিতার্কিক ব্যতীত একজন সময় রক্ষক (স্পিকার এর ডান দিকে) এবং আয়োজক কর্তৃক নির্ধারিত অনূর্ধ্ব দুইজন স্বেচ্ছাসেবক (স্পিকার এর বামদিকে) উপবেশন করবে।

১.৯ : সময়সীমা সংক্রান্ত ধারাসমূহ
ক) প্রধানমন্ত্রী তার গঠনমূলক পর্বে উদ্বোধনী বক্তব্যে সময় পাবেন ৫ (পাঁচ) মিনিট।



www.nagorikpathagar.org

এক্ষেত্রে ১মিনিট ও ৪ মিনিট শেষে সতর্ক সংকেত এবং ৫ মিনিট শেষে চূড়ান্ত সংকেত দেয়া হবে।

খ) প্রধানমন্ত্রীর পরবর্তী পাঁচজন বক্তাও প্রত্যেকে গঠনমূলক পর্বে ৫ (পাঁচ) মিনিট করে সময় পাবেন। এক্ষেত্রে ১ মিনিট ও ৪ মিনিট শেষে সতর্ক সংকেত এবং পাঁচ মিনিট শেষে চূড়ান্ত সংকেত দেয়া হবে।

গ) প্রধানমন্ত্রী ও বিরোধীদলীয় নেতা তাদের যুক্তিখণ্ডন ও সমাপনী বক্তব্যের জন্য প্রত্যেকে ৩ মিনিট সময় পাবেন। এক্ষেত্রে ১ মিনিট ও ২ মিনিট শেষে সতর্ক সংকেত এবং ৩ মিনিট শেষে চূড়ান্ত সংকেত দেয়া হবে।

ঘ) প্রত্যেক বক্তাকে অবশ্যই তার নির্ধারিত সময়ের মধ্যে বক্তব্য শেষ করতে হবে।

১.১০ : সংসদীয় ধারায় বিতর্কের মঞ্চ ও স্থানকে 'অধিবেশন কক্ষ' বা 'হাউস' বলে অভিহিত করতে হবে।

১.১১ : সম্বোধন সংক্রান্ত ধারাসমূহ

ক) বিতার্কিকগণ সংসদ সদস্য হিসেবে বিবেচিত হবেন তাই তাদের সম্বোধন করা হবে সংসদীয় রীতিতে।

খ) সরকারদলীয় সদস্যদের যথাক্রমে 'মাননীয় প্রধানমন্ত্রী', 'সম্মানিত মন্ত্রী মহোদয়' বা 'সম্মানিত হুইপ' এবং 'সম্মানিত সরকারদলীয় সংসদ সদস্য' রূপে সম্বোধন করা হবে।

গ) বিরোধীদলীয় সদস্যদের 'সম্মানিত বিরোধীদলীয় নেতা', 'সম্মানিত বিরোধীদলীয় উপনেতা' বা 'সম্মানিত বিরোধীদলীয় হুইপ' এবং 'সম্মানিত বিরোধীদলীয় সংসদ সদস্য' রূপে সম্বোধন করতে হবে।

ঘ) বিতার্কিকগণ স্পিকারকে 'জনাব / সম্মানিত / মাননীয়' স্পিকার বলে সম্বোধন করে নিজ নিজ বক্তব্য পেশ করবে।

ঙ) এছাড়াও অবমাননাকর নয় এমন যে কোন সম্বোধন স্পিকার ও উভয় দলের বিতার্কিকদের ক্ষেত্রে ব্যবহার করা যাবে।

চ) কোনক্রমেই স্পিকারকে 'মহামান্য' বলে সম্বোধন করা যাবে না।

১.১২ একাধিক (অনূর্ধ্ব তিনটি) বিষয়ের মধ্যে থেকে অংশগ্রহণকারী দলসমূহ বাছাই প্রক্রিয়ায় একটি বিতর্কের বিষয় নির্ধারণ করবে। বাছাই প্রক্রিয়াটি আয়োজকদের দ্বারা নির্ধারিত এবং পরিচালিত হবে।

১.১৩ : 'কয়েন টস' এর মাধ্যমে সরকারি ও বিরোধী দল নির্বাচিত হবে।

১.১৪ : বিষয় ও পক্ষ নির্ধারিত হবার ২০ থেকে ৬০ মিনিটের মধ্যে বিতর্ক অবশ্যই শুরু করতে হবে।



www.nagorikpathagar.org

১.১৫ : প্রস্তুতি গ্রহণের সময় বিতার্কিকেরা তাদের প্রয়োজনমত বই, পত্রিকা এবং জার্নাল ব্যবহার ছাড়াও যে কারো সঙ্গে বিতর্কের বিষয়ে পরামর্শ গ্রহণ করতে পারবে।

## ২য় পরিচ্ছেদ : স্পিকার, দায়িত্ব ও ক্ষমতা

২.১ : একজন মনোনীত স্পিকার বিতর্কটি পরিচালনা করবেন।

২.২ : স্পিকারের দায়িত্বসমূহ নিম্নরূপ
ক. তিনি উত্থাপিত আপত্তিসমূহ বিবেচনা করবেন।
খ. প্রয়োজনে সাময়িক সময়ের জন্য বিতর্ক অধিবেশনের মুলতবি ঘোষণা করবেন।
গ. অন্যান্য আনুষঙ্গিক কার্যাবলি দ্রুত ও সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন।

২.৩ : যদি বিচারক সংখ্যা ২-৩ জন হয় সেক্ষেত্রে স্পিকার স্বয়ং বিচারকার্য পরিচালনা করতে পারবেন। তবে এর বেশি বিচারকের উপস্থিতির ক্ষেত্রে স্পিকার শুধুমাত্র বিতর্ক পরিচালনা করবেন।

২.৪ : বিভিন্ন উত্থাপিত আপত্তি সম্বন্ধে স্পিকারের সিদ্ধান্তই নিরপেক্ষ এবং চূড়ান্ত বলে বিবেচিত হবে।
২.৫ স্পিকার নিজে বিতর্ক শেষে এর মান ও দিক সম্পর্কে সংক্ষেপে বিশ্লেষণ করবেন এবং জুরি বোর্ডের এক বা একাধিক সদস্যকে মূল্যায়ন করার ফ্লোর দেবেন। তবে সমগ্র ব্যাপারটি নির্ধারিত সময়ের ওপর নির্ভর করবে।

২.৬ : স্পিকার কোন বক্তার নির্ধারিত সময় শেষ হবার ১৫ সেকেন্ড পর (যদি বক্তা বক্তব্য চালিয়ে যায়) তাকে একবার সতর্ক করে দেবেন। এর ৫ সেকেন্ডের মাঝে বক্তব্য শেষ না হলে স্পিকার তাকে শেষ বাক্য বলে বসে পড়ার অনুরোধ জানাবেন।

২.৭ : স্পিকার কোনোভাবেই কোন বক্তার বক্তব্যের মাঝে তাকে শুধু ধন্যবাদ দিয়ে বসে পড়তে বলতে পারবেন না।

২.৮ : যদি বক্তা তার নির্ধারিত সময়ের পর ১৫ সেকেন্ড এবং স্পিকার কর্তৃক সতর্কিত হবার ৫ সেকেন্ড পরেও বক্তব্য শেষ না করেন তাহলে তার অতিরিক্ত সময় গণনা করা হবে এবং উক্ত সময়ের কোন বক্তৃতাই গ্রহণযোগ্য হবে না এবং মাননীয় স্পিকার সময়রক্ষকের কাছ থেকে অতিরিক্ত সময়ের হিসাব নিয়ে তা স্বেচ্ছাসেবকদের দ্বারা জুরি বোর্ডের কাছে পাঠাবেন।



www.nagorikpathagar.org

২.৯ : বিতর্ক শুরুর পূর্বে স্পিকারের নিকট বিতর্কের সকল নীতিমালা সরবরাহ করা হবে এবং স্পিকারের সমগ্র ব্যাপারটি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে, যাতে করে বিতর্ক চলাকালীন এর আবহ নষ্ট না হয়।

২.১০ : স্পিকারের যে কোন সিদ্ধান্ত মেনে নিতে হাউজ এ উপস্থিত বিতার্কিক, দর্শক, স্বেচ্ছাসেবক ও কর্তব্যরত কর্মকর্তাবৃন্দ সকলেই বাধ্য থাকবেন।

**৩য় পরিচ্ছেদ : বিতর্কের বিষয়বস্তু সংজ্ঞা, ব্যাখ্যা, বিশ্লেষণ কৌশলপত্র**

৩.১: বিল সংক্রান্ত ধারা-

ক) সে সব বিষয়বস্তু বিল হিসেবে গ্রহণযোগ্যতা পাবে যেগুলো সরকারি দল সংসদে আইন হিসেবে পাস করতে চায় যেমনটি সত্যিকার সংসদে হয়।

খ) বিলের দ্বান্দ্বিক আবেদন থেকে বাস্তবধর্মী প্রায়োগিক আবেদনটি মুখ্য।

গ) সে বিষয়গুলো বিলের মর্যাদা পেতে পারে যেগুলো 'হোক' বা 'উচিত' শব্দমালা দিয়ে শেষ হয়।

ঘ) উদাহরণ- শাস্তি হিসেবে মৃত্যুদণ্ড প্রদান রহিত করা হোক; অর্থনৈতিক স্বার্থে বাংলাদেশের অবিলম্বে গ্যাস রফতানি করা উচিত।

৩.২ : কোন বিতর্কের বিষয়কে একবার বিল হিসেবে উত্থাপিত করলে-

ক) পুরো বিতর্কে বিষয়বস্তুকে বিল হিসেবে উচ্চারণ করতে হবে। পুনরায় একে প্রস্তাব হিসেবে উল্লেখ করা অবকাশ নেই। তা না হলে এটি Point of Order এর আওতায় আসবে।

খ) বিল এর মূল বিশ্লেষণ হবে নির্দিষ্ট Specified and Identified কি কারণে বিলটি উত্থাপন করা হয়েছে এবং এটি পাস করে তার প্রভাব কি কি হবে এগুলো সুস্পষ্ট ব্যাখ্যা করতে হবে।

গ) বিল উত্থাপন করলে এর সাথে অনেকগুলো ধারা উল্লেখ করা অত্যাবশ্যকীয় নয়। তবে কিছু ক্ষেত্রে ধারা প্রয়োগ ভালো ফলাফল বয়ে আনে। যেমন :- থ্রি হুইলার নিষিদ্ধ করা উচিত। এই বিলের ওপর বিতর্কে কিছু ধারা আসতে পারে; থ্রি হুইলারের বিকল্পে সিএনজি চালু করা হবে; নতুন সিএনজি জ্বালানি হিসেবে গ্যাস ব্যবহার করা হবে যার যথেষ্ট মজুদ আমাদের আছে এবং এর সাথে কিছু তথ্য; ক্ষতিগ্রস্ত চালকদের পুনর্বাসন করা হবে কিভাবে করা হবে তার ব্যাখ্যা।

ঘ) ধারা সংযোজন করা যায় তখনই যখন সেগুলো 'বিল' এর উদ্দেশ্য ও প্রায়োগিক দিক সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেয়।

৩.৩ : প্রস্তাবের সংজ্ঞা

যেগুলো সংসদীয় বিতর্কে 'বিল' হবার মত অবস্থায় থাকছে না সেগুলো সবই প্রস্তাব



www.nagorikpathagar.org

হিসেবে পরিগণিত। সব ধরণের বিষয় প্রস্তাবের মর্যাদা পাবে। অন্যভাবে বললে সকল ধরণের বিল প্রস্তাবও বটে কিন্তু সকল প্রস্তাব বিল নয়।

৩.৪ : প্রস্তাবের ধরণ ও বিশ্লেষণ

ক) তুলনামুলক অনুষঙ্গ : সংজ্ঞা ও উদাহরণ : এ ধরনের বিষয়বস্তুতে দুটো মূল চলক Variable এর মধ্যে একটিকে অপরটির চাইতে গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসেবে প্রমাণের চেষ্টা করা হয়। যেমন : - দারিদ্র্য বিমোচন নয়, তথ্যপ্রযুক্তির উত্তরণই একবিংশ শতকের প্রধান চ্যালেঞ্জ; কৃষি নয়, শিক্ষাই হবে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের সোপান।

খ) প্রধান/মূল বিতর্ক- সংজ্ঞা ও ব্যাখ্যা : এ ধরনের বিতর্কের বিষয়ে 'ই' প্রত্যয় কিংবা 'মূল' বা 'প্রধান' জাতীয় শব্দ থাকে। কিন্তু এরা কখনোই একমাত্র বোঝায় না। যেমন : - শিক্ষার অভাবই অর্থনৈতিক উন্নয়নের প্রধান বাধা; যুক্তরাষ্ট্রের রাষ্ট্রীয় চরিত্রহীনতাই বিশ্বব্যাপী সন্ত্রাসের প্রধান কারণ। উভয় বিষয়ে 'ই' প্রথমটিতে এবং 'প্রধান' দ্বিতীয়টিতে কখনোই একমাত্র বোঝায় না। 'ই' প্রত্যয় ব্যবহার করা হলে বেশিরভাগ ক্ষেত্রে বিষয়বস্তুর ওপর Emphasis করার জন্য ব্যবহার করা হয়। 'প্রধান' ও 'মূল' শব্দদ্বয়ের ক্ষেত্রে একই কথা প্রযোজ্য। তবে-

গ) একটি নির্দিষ্ট বক্তব্য বা Statement: যেমন:- জাতিসংঘ একটি অচল সংস্থা। - বর্তমান প্রজন্ম মুক্তিযুদ্ধের চেতনা থেকে বিচ্যুত। লক্ষ্য করে দেখতে হবে এ ধরনের বিষয়বস্তুতে আগের দু'ধরনের মত কোন বাঁধাধরা Grammatical নিয়ম নেই। এখানে দু'পক্ষের কোন পক্ষই নির্দিষ্ট কোন বিন্দুতে আটকা থাকতে বাধ্য নন। 'মূল বা প্রধান কারণ' অথবা শুধুমাত্র দুটো অনুষঙ্গতেই বাঁধা হয়ে থাকতে হচ্ছে না কাউকে। এ ধরনের একটু কঠিন। কারণ সংশ্লিষ্ট বিষয় ছাড়াও আরও অনেক বিষয়ে বিতার্কিকের জ্ঞানের প্রয়োজন। যথেষ্ট পরিমাণ জ্ঞান থাকলে বিষয়কে যে কোন দিকে 'মোড় ঘোরানো' বা 'Twist' করানো সম্ভব। এধরনের প্রস্তাবে সরকারি দলের সুবিধাটি হচ্ছে তার বিষয়বস্তুকে যেভাবে সংজ্ঞায়িত করবে বিরোধী দলকেও সেভাবেই বিতর্ক করতে হবে। যেমন : 'বর্তমান প্রজন্ম মুক্তিযুদ্ধের চেতনা বিচ্যুত'- এই প্রস্তাবের ওপর বিতর্ক করতে গেলে সরকারি দল যদি 'বর্তমান প্রজন্ম' বলতে ৯০ 'এর দশকের পরবর্তী প্রজন্ম বোঝায় তবে বিরোধী দলকেও তা মেনে নিতে হবে। তাদের তখন বর্তমান প্রজন্মের Time Limit পরিবর্তনের কোন সুযোগ নেই। এক্ষেত্রে কোনোভাবেই কোন সমান্তরাল বিতর্ক শুরু করা যাবে না।

**৪র্থ পরিচ্ছেদ : বক্তার বৈশিষ্ট্য**

৪.১ সংসদের প্রত্যেক বক্তার বক্তব্যের কিছু সুনির্ধারিত বৈশিষ্ট্য থাকা আবশ্যক।

৪.২ প্রধানমন্ত্রীর বক্তব্য-

- বিষয়বস্তুর পূর্ণ ব্যাখ্যা এবং যদি কোন শব্দ সংজ্ঞার দাবি রাখে তা প্রদান করা



www.nagorikpathagar.org

- বিষয়বস্তুর ব্যাখ্যার সাথে প্রধান প্রধান দলীয় যুক্তিগুলো উপস্থাপন করা এবং দলীয় অবস্থান সুদৃঢ় করা
- কোন বিল নিয়ে আলোচনা হলে প্রস্তাবিত আইনের সংশ্লিষ্ট কোন উপধারা থাকলে তা উল্লেখ করা
- কোন প্রস্তাবের মাধ্যমে প্রচলিত কোন ব্যবস্থার পরিবর্তন চাইলে এর পরিবর্তে তারা কি চাইছেন তা ব্যাখ্যা করা।
- সর্বোপরি পরবর্তী বক্তা কী বলবেন তা উল্লেখ করা।

৪.৩ বিরোধীদলীয় নেতার বক্তব্য
- প্রধানমন্ত্রী প্রদত্ত সংজ্ঞা বা প্রস্তাবের ব্যাখ্যার যদি যৌক্তিক অসঙ্গতি থাকে তবে নিজস্ব ব্যাখ্যা প্রদান করা।
- যদি প্রধানমন্ত্রীর ব্যাখ্যা ও সংজ্ঞার সাথে একমত হয় তবে বিরোধিতার ক্ষেত্র চিহ্নিত করা।
- উত্থাপিত প্রস্তাবের/বিলের বিপরীতে পাল্টা যুক্তি তুলে ধরা।
- পরবর্তী বক্তার সম্ভাব্য যুক্তিগুলোর একটি আবর্তন নিজস্ব বক্তব্য উপস্থাপন করা।

৪.৪ উভয় দলের দ্বিতীয় বক্তার বক্তব্য-
- দলীয় নেতার প্রদত্ত 'দলীয় অবস্থান' বা 'দলীয় কৌশল' সুদৃঢ় করা।
- বিপক্ষ দলের কিছু যুক্তি খন্ডন করা এবং নিজেদের অবস্থানের পক্ষে যৌক্তিক উদাহরণ প্রদান করা।

৫ম পরিচ্ছেদ : সংসদীয় বিতর্কে পয়েন্টসমূহ :
৫.১ কোন বক্তার বক্তব্যের মাঝখানে বাধা দেয়ার ক্ষমতা সব সদস্যের রয়েছে। কাজটি পয়েন্ট উত্থাপনের মাধ্যমে করতে হবে।
৫.২ পয়েন্ট তিন রকম-
1. Point of Order (PO)
2. Point of Privilege(PP)
3. Point of Information(PI)
৫.৩ যেসব ক্ষেত্রে Point of Order তোলা যাবে-
- কোন বিতার্কিক নির্ধারিত সময়ের মধ্যেও বক্তব্য শেষ না করলে।
- বিতার্কিক যুক্তি খন্ডন পর্বে নতুন যুক্তি উপস্থাপন করলে।
- প্রধানমন্ত্রী/বিরোধীদলীয় নেতার বক্তব্যের পর মন্ত্রী/বিরোধীদলীয় উপনেতা প্রস্তাবকে ভিন্নভাবে সংজ্ঞায়িত করলে।

৫.৪ যেসব ক্ষেত্রে Point of Privilege তোলা যাবে-



www.nagorikpathagar.org

- কোন বিতার্কিকের বক্তব্যকে বিপক্ষের বিতার্কিক ত্রুটিপূর্ণভাবে উপস্থাপন করলে বা তার মতামত ভুলভাবে প্রকাশ বা বিকৃত করলে।

- কোন বিতার্কিকের বক্তব্য পেশের সময় বিপক্ষের সদস্যের প্রতি অবমাননাকর কথা বললে বা ব্যক্তিগত আক্রমণ করলে।

- দ্রষ্টব্য : এটি দলগতভাবেও উপস্থাপন করা যাবে। তবে যাকে ব্যক্তিগত আক্রমণ করা হবে কেবল তিনিই এটি উত্থাপন করতে পারবেন।

৫.৫ যেসব ক্ষেত্রে Point of Information তোলা যাবে-

একজন বক্তা বক্তব্য রাখার সময় তার প্রতিপক্ষের কোন বক্তা তার কাছে (PI) তুলবেন দুটি ক্ষেত্রে-

- যদি তিনি যে বক্তা বক্তব্য রাখছেন, তার বক্তব্যের তথ্যসূত্র জানতে চান।

- যিনি বক্তব্য রাখছেন তার বক্তব্যের একটি নির্দিষ্ট অংশের খুব সংক্ষিপ্ত ব্যাখ্যা জানতে চাইবেন।

- বক্তব্য সম্পর্কিত কোন উদাহরণ জানতে চাইতে পারেন।

- যে কোন তথ্যসূত্র জানার জন্য (PI) তোলা যাবে। তবে তা যৌক্তিক হতে হবে।

**চ্যালেঞ্জ বিতর্ক** : মাননীয় প্রধানমন্ত্রীর সংজ্ঞায়ন যদি এমন হয় যে, তাঁর সংজ্ঞায়নের মধ্য থেকে বিতর্ক চালিয়ে যাওয়া বিরোধীদলের জন্য অসম্ভব হয়ে দাঁড়ায় সেই অবস্থায় বিরোধীদলীয় নেতা প্রধানমন্ত্রীর সংজ্ঞায়নকে চ্যালেঞ্জ করতে পারেন। চ্যালেঞ্জ বিতর্কটি দুই গ্রাউন্ড থেকে করা যায়। প্রথমত : টটোলজিক্যাল গ্রাউন্ড এবং দ্বিতীয়ত ট্রুইজম গ্রাউন্ড।

১. টটোলজিক্যাল গ্রাউন্ড : মাননীয় প্রধানমন্ত্রীর সংজ্ঞায়ন যদি অত্যন্ত সংকীর্ণ হয় যে, তার মধ্য থেকে বিতর্ক করা যায় না বললে চলে তা টটোলজির আওতাভুক্ত হবে। যেমন- বিতর্কের প্রস্তাব হবে, "এই সংসদ হরতাল বাতিল করবে।" এখানে "মাননীয় প্রধানমন্ত্রী হরতাল বলতে শুধুমাত্র সেই সকল হরতাল বুঝালেন যেগুলোতে সহিংসতা হয়।" তাহলে এই বিতর্কে বিরোধী দলের সহিংস হরতাল বাতিলের বিপক্ষে বলে কোনোভাবেই বিতর্ক করতে পারবে না। এই ধরনের সংজ্ঞায়ন টটোলজির আওতাভুক্ত।

২. ট্রুইজম গ্রাউন্ড : মাননীয় প্রধানমন্ত্রী যদি এমন সংজ্ঞায়ন করেন যে, তা ধ্রুবসত্য এবং বিপক্ষে স্বাভাবিকভাবে যুক্তি দেয়া সম্ভব নয়, তাহলে তা ট্রুইজমের আওতাভুক্ত হবে। যেমন- ধরুন, বিতর্কের প্রস্তাব, "মানব জীবনে বার্ধক্য বলে কিছু নেই।"
মাননীয় প্রধানমন্ত্রী "মানবজীবন" বলতে বোঝালেন, "মানুষের সামাজিক জীবন" এবং বার্ধক্য বলতে বোঝালেন, "স্থবিরতা" অর্থাৎ সংজ্ঞাটি দাঁড়ায়, মানুষের সামাজিক জীবনে স্থবিরতা নেই, পরিবর্তিত হয় সবকিছু।" এর বিরুদ্ধে বলতে গেলে দেখাতে হবে, সমাজে পরিবর্তন হয় না। অথচ পরিবর্তনীয় ধ্রুব ও সমাজের



www.nagorikpathagar.org

স্বাভাবিক বৈশিষ্ট্য। ফলে এই সংজ্ঞায়নে বিতর্কে চালানো বিরোধী দলের পক্ষে সম্ভব নয়। এটি ট্রুইজমের আওতাভুক্ত হবে।

চ্যালেঞ্জ বিতর্কের ক্ষেত্রে বিতার্কিকদের করণীয় : চ্যালেঞ্জ বিতর্কের ক্ষেত্রে বিরোধীদলীয় নেতাকে মূলত দু'টি কাজ করতে হয়। যথা :

১. কোন গ্রাউন্ড থেকে চ্যালেঞ্জ করছেন তা প্রমাণ করতে হবে।

২. নতুন ভাবে সংজ্ঞায়ন করতে হবে।

মন্ত্রীর বক্তব্য চ্যালেঞ্জ বিতর্কে অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিরোধীদলীয় নেতা চ্যালেঞ্জ করলে মন্ত্রীকে এসে দেখাতে হবে, চ্যালেঞ্জ না করেও বিরোধী দল কিভাবে বিতর্ক করতে পারেন। মন্ত্রীকে বিতর্ক করার জায়গাটি স্পষ্ট করতে হবে। পরবর্তীতে বিরোধীদলীয় উপনেতার কাজ হচ্ছে, মাননীয় মন্ত্রী যেই স্ট্যান্ড দিয়েছেন, সেই জায়গা থেকে যে বিতর্ক করা যায় না তা দেখানো এবং নতুন সংজ্ঞায়নের আলোকে ব্যাখ্যা প্রদান। এভাবেই অবশিষ্ট বিতর্ক চলতে থাকবে। সবশেষে যদি বিরোধী দল প্রমাণ করতে পারে যে আসলেই এই সংজ্ঞানের বিতর্ক করার সম্ভব ছিল না। তাহলে চ্যালেঞ্জটি গৃহীত হবে। আর যদি সরকার দল প্রমাণ করতে পারে তাদের সংজ্ঞায়নের মধ্য থেকেও বিরোধী দল বিতর্ক করতে পারত তাহলে সরকারি দলের উত্থাপিত প্রস্তাবটিই গৃহীত হবে।

সংসদীয় বিতর্কের পদ্ধতিগত বিভাজন : সংসদীয় বিতর্কের ক্ষেত্রে অনেক পদ্ধতি লক্ষণীয়। চারটি পদ্ধতি অধিক গুরুত্বপূর্ণ। যথা : প্রিন্সিপাল বিতর্ক, পলিসি বিতর্ক, তত্ত্বীয় বিতর্ক ও কজ অ্যানালাইসিস।

১. প্রিন্সিপাল বিতর্ক (Principal Debate) : যেই বিতর্কগুলোতে নীতি, আইন, উপকারিতা বা অপকারিতা নিয়ে আলোচনা হয় তাক প্রিন্সিপাল বিতর্ক বলে। যেমন- "এই সংসদ লিঙ্গভিত্তিক শিল্পপ্রতিষ্ঠানকে নিষিদ্ধ করবে" এটি সংসদের আলোচনার বিষয়। লিঙ্গভিত্তিক প্রতিষ্ঠান বন্ধ হলে লাভ বেশি না ক্ষতি বেশি তার তুলনামূলক বিশ্লেষণই হবে বিতর্কের মূল বিষয়বস্তু। প্রতিষ্ঠানগুলো বন্ধ করা সম্ভব কি, সম্ভব না তা আলোচনা করা অপ্রয়োজনীয়।

২. পলিসি বিতর্ক (Policy Debate) : কোনো উদ্দেশ্য বাস্তবায়নের প্রক্রিয়া নিয়ে যখন বিতর্ক হয় তখন তাকে পলিসি বিতর্ক বলে। যেমন- "এই সংসদ বিশ্ববিদ্যালয়ে সমন্বিত ভর্তি পরীক্ষা চালু করবে"। এই বিতর্কে সরকারি দল সমন্বিত ভর্তি প্রক্রিয়া কেন হবে তা নিয়ে বিতর্ক করেন, তা হলে বিরোধী দলকেও সেই পদ্ধতি বা প্রক্রিয়ায় অকার্যকারিতা নিয়ে বিতর্ক করতে হবে।

৩. তত্ত্বীয় বিতর্ক (Theoretical Debate) : বিভিন্ন তত্ত্বের আলোকে বিতর্ক পরিচালনাকে তত্ত্বীয় বিতর্ক বলে। যেমন- "এই সংসদ নব্য নাস্তিকতার ধারণাকে সমর্থন করে"। আবার "এই সংসদ এস.পি হান্টিংটনের Clash of Civilization তত্ত্বকে সমর্থন করে না।" অর্থাৎ তত্ত্বকে প্রাধান্য দিয়েই বিতর্কই



www.nagorikpathagar.org

হচ্ছে তত্ত্বীয় বিতর্ক।

৪. কজ অ্যানালাইসিস (Cause Analysis) : Cause Analysis বিতর্কের মাধ্যমে কোনো ঘটনা বা প্রবন্ধের কারণ অনুসন্ধান করা হয়। যেমন : একটি প্রস্তাব, "দুর্নীতিই সন্ত্রাসের প্রধান কারণ।" এই বিতর্কে সরকারি দল দেখানোর চেষ্টা করবে দুর্নীতির মাধ্যমে সন্ত্রাস সংঘটিত হয়, অপরদিকে বিরোধী দলকে দুর্নীতির পরিবর্তে অন্য একটি প্রধান কারণকে সন্ত্রাসের কারণ হিসেবে চিহ্নিত করার চেষ্টা করতে হবে।

মূলত, কারণ অনুসন্ধানের বিষয়টি বিতর্কে সর্বাধিক গুরুত্ব বহন করাটাই হবে 'Cause Analysis' বিতর্কের ধরন।

## স্ক্রিপ্ট- ১

প্রস্তাব: এই সংসদ মনে করে, কোচিং সেন্টার শিক্ষার মান উন্নয়নে সহায়ক

**সরকারি দল**

**প্রধানমন্ত্রী:**

ধন্যবাদ মাননীয় স্পিকার এই সংসদে সুযোগ প্রদান করার জন্য। আজকের সংসদের সামনে প্রস্তাব, এই সংসদ মনে করে, কোচিং সেন্টার শিক্ষার মান উন্নয়নে সহায়ক। আমি প্রধানমন্ত্রী হিসেবে প্রস্তাবটির সংজ্ঞায়ন করে যাচ্ছি এবং একইসাথে আমাদের যুক্তিগুলো ব্যাখ্যা বিশ্লেষণের মাধ্যমে কেন আজকে প্রস্তাবটি সমর্থন করছি সেটি বলে যাচ্ছি।

**সংজ্ঞায়ন**

মাননীয় স্পিকার, এই সংসদ বলতে আমরা বাংলাদেশের জাতীয় সংসদকে বুঝাচ্ছি।

মাননীয় স্পিকার, কোচিং সেন্টার বলতে আমরা মনে করি বাংলাদেশের প্রচলিত শিক্ষাব্যবস্থায় প্রাতিষ্ঠানিক শিক্ষার; যেমন প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে শ্রেণী কক্ষে বাইরে যে প্রতিষ্ঠানগুলো অতিরিক্ত অর্থের বিনিময় শিক্ষা সহায়তাকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে। মাননীয় স্পিকার শিক্ষার মান উন্নয়ন বলতে আমরা বুঝাবো প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে শিক্ষকদের প্রচলিত পদ্ধতির ওপর প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে শিক্ষার যে সৃজনশীল ধারা চলছে সেটির গুণগত উন্নয়ন ঘটানো।

মাননীয় স্পিকার, আমরা বলছি, শিক্ষার মান উন্নয়ন হবে তখন, যখন প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে শিক্ষকদের প্রচলিত পদ্ধতির ওপর প্রশিক্ষণ প্রদান করা হবে কিন্তু মাননীয় স্পিকার, বাস্তবিক পক্ষে প্রচলিত সৃজনশীল শিক্ষাব্যবস্থা কিভাবে এই তিনটি স্তরে শিক্ষার মান উন্নয়ন করছে কি?



www.nagorikpathagar.org

মাননীয় স্পিকার প্রশ্নটির উত্তর হল এই তিনটি স্তরে প্রচলিত শিক্ষাব্যবস্থা সামগ্রিকভাবে শিক্ষার্থীদের কাছে শিক্ষা উপকরণ পৌছাতে পারছে না। যেমন : বাংলাদেশের সব প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলোতে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ নেই, প্রচলিত শিক্ষাব্যবস্থার ওপর দক্ষ শিক্ষকের অভাব রয়েছে। অপরপক্ষে তুলনামূলকভাবে কোচিং সেন্টারগুলো শিক্ষার মান উন্নয়নে কিভাবে সহায়ক ভূমিকা পালন করছে তা কয়েকটি ক্ষেত্রের মাধ্যমে দেখিয়ে দিয়ে যাব।

ক্ষেত্র গুলো হচ্ছে :

–সময়োপযোগী সৃজনশীল শিক্ষাব্যবস্থার সাথে অনেক বেশি সামঞ্জস্যপূর্ণ।

–শ্রেণী কক্ষে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের অধিক যত্নের সাথে শিক্ষা প্রদান করে।

–প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে দক্ষ শিক্ষকের অভাব পূরণে সহায়ক ভূমিকা পালন করে।

–প্রতিযোগিতার মধ্য দিয়ে শিক্ষায় আগ্রহ সৃষ্টি করে।

সর্বশেষ সহায়ক বলতে মাননীয় স্পিকার শিক্ষার মান উন্নয়নে সহযোগিতাকারী হিসেবে ভূমিকা পালন করাকে বুঝাচ্ছি।

মাননীয় স্পিকার, আমি প্রধানমন্ত্রী হিসেবে আজকের সংসদে (১) সময়োপযোগী সৃজনশীল শিক্ষাব্যবস্থার সাথে অনেক বেশি সামঞ্জস্যপূর্ণ এবং (২) শ্রেণী কক্ষে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের অধিক যত্নের সাথে শিক্ষা প্রদান করে; এই ক্ষেত্র দুটি নিয়ে আলোচনা করব। মাননীয় মন্ত্রী এসে বাকি ক্ষেত্রগুলো উদাহরণসহ বাস্তবিক আলোচনা করবেন এবং প্রস্তাবের পক্ষে উপযুক্ত যুক্তি প্রদান ও বিরোধী দলের যুক্তি খণ্ডন করবেন এবং মাননীয় সাংসদ সার্বিক আলোচনা ও সমন্বয় করার মাধ্যমে এ প্রস্তাবের উপযুক্ততা প্রমাণ করবেন এবং বিরোধী দলের যুক্তি খণ্ডন করবেন।

মাননীয় স্পিকার, আমাদের দলীয় অবস্থান হলো আমরা যে চারটি ক্ষেত্র দেখিয়েছি এই ক্ষেত্রগুলোর মাধ্যমে কোচিং সেন্টার কিভাবে শিক্ষার মান উন্নয়নেসহায়ক ভূমিকা পালন করে সেটি আমরা প্রমাণ করে যাব। অপরপক্ষে বিরোধী দল যদি মনে করে কোচিং সেন্টারে প্রচলিত শিক্ষার মান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করছে না তাহলে তাদের দেখিয়ে দিয়ে যেতে হবে, কে শিক্ষার মান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করছে এবং উন্নয়নে প্রক্রিয়া গুলো কী হবে ?

মাননীয় স্পিকার, এবার আসি ক্ষেত্র বিশ্লেষণে, মাননীয় স্পিকার লক্ষ্য করুন, কোচিং সেন্টার গুলো দক্ষ শিক্ষক দ্বারা ক্লাস পরিচালনা করে অর্থাৎ যারা বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র তারাই ক্লাসগুলো নিয়ে থাকেন আর তারা প্রচলিত সৃজনশীল শিক্ষাপদ্ধতির ওপর দক্ষ এবং তারা সময়োপযোগী শিক্ষাব্যবস্থার সাথে নিজেদের অবস্থানকে টিকিয়ে রাখতে সমর্থ হচ্ছেন। ফলে যখন তারা শিক্ষাদান করতে যান তখন তারা অনেক সহজ, আধুনিক এবং সৃজনশীল পদ্ধতির সাথে



www.nagorikpathagar.org

সামঞ্জস্যপূর্ণ একটি মাধ্যমে শিক্ষার্থীদেরকে শিক্ষাদান করতে পারেন যেটি বাংলাদেশের বেশিরভাগ প্রাতিষ্ঠানিক শিক্ষকের পক্ষে সম্ভব নয়। সুতরাং আমরা বলতে পারি এসব অপ্রশিক্ষিত শিক্ষকের চাইতে কোচিং সেন্টারের শিক্ষকরাই শিক্ষার মান উন্নয়নে ভূমিকা রাখছে।

মাননীয় স্পিকার, লক্ষ্য করুন, শ্রেণিকক্ষে অনেক বেশি ছাত্র-ছাত্রী নিয়ে ক্লাস করানো হয় যার ফলে ছাত্র-ছাত্রীদের বর্তমান সৃজনশীল পদ্ধতির মাধ্যমে শিক্ষা গ্রহণ করতে অসুবিধার সম্মুখীন হতে হয়। অন্যদিকে কোচিং সেন্টারগুলোতে ছাত্র-ছাত্রীর সংখ্যা কম থাকায় প্রচলিত পদ্ধতিতে শিক্ষা নিতে ছাত্র-ছাত্রীরা স্বাচ্ছন্দ্য পায় এবং ছাত্র-ছাত্রীরা সঠিকভাবে এ পদ্ধতি সম্পর্কে জানতে পারে, আর এর মাধ্যমে পিএসসি, জেএসসি এবং এসএসসিতে অনেক ভালো ফলাফল করছে। আবার অন্যদিকে আমরা জানি, কোচিং সেন্টার গুলোতে নিয়মিত দৈনিক, সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে পরীক্ষাগ্রহণ করার কারণে ছাত্র-ছাত্রীরা ভালভাবে তাদের নির্দিষ্ট বিষয় সম্পর্কে ধারণা অর্জন করতে পারে এবং ভালো ফলাফল করতে পারে। তাই মাননীয় স্পিকার, এই সংসদে আমি বলবো কোচিং সেন্টার শিক্ষার মান উন্নয়নে ভূমিকা পালন করছে। সুতরাং আজকের এই প্রস্তাবটি সংসদে গৃহীত হবার দাবি রাখে। মাননীয় স্পিকার, আপনার মাধ্যমে সকলকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

**মন্ত্রী**

সাম্প্রতিক সময়ে বাঙালি সংস্কৃতিতে উল্লেখযোগ্য সংযোজন হল সর্বস্তরের এবং সব বয়সের মানুষের মধ্যে শুদ্ধ বাংলায় কথা বলার প্রবণতা এবং সদিচ্ছা। বিশ্বের বুকে আমরা জাতি হিসেবে মাথা উঁচু করে আত্মপরিচয় প্রকাশ করতে পারি। ১৯৭১ সালে আমাদের গৌরবদীপ্ত মুক্তিযুদ্ধে বিজয় অর্জন আর তারও আগে ১৯৫২ সালে সংঘটিত ভাষা আন্দোলনের মধ্য দিয়ে অর্জিত আমাদের মাতৃভাষার অধিকার অর্জনের কারণে। ভাষা আন্দোলনের দৃঢ়তা বাঙালিকে সাহসী আর দেশপ্রেমিক জাতি হিসেবে বিশ্বের কাছে প্রথম পরিচিত করে তুলেছে। মুক্তিযুদ্ধে বিজয়ের মাধ্যমে সেই স্বীকৃতি অর্জিত হয়েছে। একটু দেরিতে হলেও আমরা আমাদের মাতৃভাষার অন্তর্গত সৌন্দর্য আর আভিজাত্য উপলব্ধি করতে শুরু করেছি। আর সেই উপলব্ধি থেকেই শুদ্ধ বা প্রমিত বাংলাচর্চার প্রতি আমাদের আগ্রহ সৃষ্টি হয়েছে। সব বয়সের আর সব অবস্থানের মানুষের মনে অবচেতনে চারপাশের মানুষের ওপর প্রভাব বিস্তার করা, নিজেকে গুরুত্বপূর্ণ প্রতিপন্ন করা, নিজের আভিজাত্য প্রকাশ করা- এই সব ভাবনা নিভৃতে ক্রিয়াশীল থাকে। আমাদের ব্যক্তিত্বের বিকাশে ও প্রকাশে শুদ্ধ বাংলায় নিরবিচ্ছিন্ন কথা বলতে পারার সক্ষমতা অগ্রণী ভূমিকা রাখবে সন্দেহ নেই। অন্যের কাছে গুরুত্বপূর্ণ আর আকর্ষণীয় করে তুলতে বিদেশী ভাষার বাহুল্য প্রয়োগ আর বাংলার বিকৃত ও বিপর্যস্ত উচ্চরণ-ভঙ্গি কেবলমাত্র ব্যক্তির অজ্ঞতাই প্রকাশ করে না অধিকন্তু তার ব্যক্তিত্বহীন ভাঁড়ামোই প্রকাশ করে। আর বেতার ও টেলিভিশনের মতো প্রচার মাধ্যমে ভুল আর বিকৃত উচ্চারণে অনুষ্ঠান উপস্থাপন করা প্রকারান্তরে অন্যায় ও অপরাধ সংগঠনের শামিল। কারণ নতুন প্রজন্মের কাছে ভুল উচ্চারণের মাধ্যমে ভুল বার্তা পৌঁছে তাদের বিভ্রান্ত করা এক প্রকার অন্যায়ই বটে। একই সাথে মাতৃভাষা আন্দোলনের গৌরবগাথা প্রকাশে ও



www.nagorikpathagar.org

ভাষা শহীদদের আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের নিভৃত ও সশ্রদ্ধ প্রয়াস হতে পারে শুদ্ধ বাংলায় কথা বলার চর্চা। আমাদের দেশের শিক্ষিত জনগোষ্ঠীর অশুদ্ধ বাংলায় কথা বলার ক্ষেত্রে অসতর্কতা এবং অজ্ঞতাই নেতিবাচক ভূমিকা পালন করছে। আঞ্চলিকতার অজুহাত সেক্ষেত্রে গৌণ বিষয়। কথা বলার সময় অসতর্কতাজনিত কারণে শব্দাংশের মধ্যে অকারণ স্বর-ধ্বনির অনুপ্রবেশ ঘটিয়ে আমরা শুদ্ধ উচ্চারণের অন্তরায় সৃষ্টি করি। যেমন 'নাট্যকার' শব্দের শব্দোচ্চারণে অনেকেই 'নাইট্যকার' উচ্চারণ করে থাকেন। শব্দের বানান খেয়াল রেখে শব্দটি উচ্চারণ করলে আমাদের অনেক উচ্চারণত্রুটি পরিশুদ্ধ হয়ে উঠবে। প্রমিত উচ্চারণে সক্ষমতা অর্জন করতে বাংলা ভাষার প্রতিটি স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির উচ্চারণ এবং কলাকৌশল জেনে নিয়ে কথা বলার সময় তা প্রয়োগ করার প্রয়াস অব্যাহত রাখতে হবে। বিচ্ছিন্নভাবে প্রত্যেক বর্ণ উচ্চারণ করতে পারলেই চলবে না। প্রয়োগের ক্ষেত্রে প্রত্যেকটি স্বরধ্বনির ব্যাকরণসিদ্ধ আর নিখুঁত উচ্চারণে সচেষ্ট হতে হবে। এবং কথা বলার সময় আমাদেরকে সতর্ক থাকতে হবে যেন স্বরধ্বনির ও ব্যঞ্জনধ্বনির উচ্চারণ কৌশল আয়ত্ত্ব করে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করে কথা বলি, তাহলে যথাশীঘ্র আমরা শুদ্ধ উচ্চারণ আয়ত্ত্ব করতে সক্ষম হবে। কিন্তু কোন বাক্-শিল্পীর সাফল্যের জন্য এটুকু প্রয়াস যথেষ্ট নয়। আপাত শুদ্ধ উচ্চারণে বাক্-শিল্প নির্মাণ দুরূহ কাজ। ব্যাকরণসিদ্ধ বর্ণ-উচ্চারণ কৌশলসহযোগে উচ্চারণ সূত্রের সাপেক্ষে নিখুঁত এবং নির্ভুল শব্দোচ্চারণকে প্রমিত উচ্চারণ বলা হয়।

**গলার স্বর সুস্থ রাখতে যে বিষয়গুলো মনে রাখা দরকার**

১। ভোকাল কর্ড সুস্থ থাকলে গলার আওয়াজ সুন্দর ও সঠিক থাকে।

২। জোরে আওয়াজ করে কথা বললে স্বরতন্ত্রের ক্ষতি হয়।

৩। একইভাবে ক্ষতি হয় ফিসফিস করে কথা বললে।

৪। কোন অনুষ্ঠানে শোরগোলের মধ্যে কারো সঙ্গে জোরে জোরে আলাপ করলে স্বরতন্ত্রের ক্ষতি হয়।

৫। ঠান্ডা সর্দির সময় বেশি জোরে আওয়াজ করে কাশি দিলে বা কথা বললে ভোকাল কর্ডের ক্ষতি হতে পারে।

৬। সিগারেট ভীষণ খারাপ গলা নষ্ট করার জন্য। ধূমপান অবশ্যই ত্যাগ করতে হবে।

৭। সঠিক ভঙ্গিতে বসা উচিত, মেরুদন্ড, ঘাড়, মাথা সোজা করে বসা বা দাঁড়ানো বা হাঁটার অভ্যাস করা উচিত।

৮। ঠান্ডায় বা কোন কারণে গলা বসে গেলে আওয়াজ করে কথা বলা যাবে না। ইএনটি চিকিৎসকের জরুরিভিত্তিতে পরামর্শ নিন।



www.nagorikpathagar.org

**গলার স্বর সুন্দর রাখার কিছু নিয়ম**

১। পরিমাণমতো পানি পান করতে হবে; অ্যালকোহল এবং চা কফি জাতীয় পানীয় শরীরকে পানিশূন্যতার দিকে নিয়ে যায়। ফলে এগুলো গ্রহণের ক্ষেত্রে নিয়ন্ত্রণ আরোপ করতে হবে।

২। ধূমপান পরিহার করতে হবে, ধূমপান গলার ক্ষতি এবং ক্যান্সার সৃষ্টির অন্যতম কারণ, এমনকি পরোক্ষ ধূমপানেও স্বরতন্ত্র ক্ষতিগ্রস্ত করতে পারে।

৩। স্বরের ওপর অত্যাচার বা স্বরের অপব্যবহার করা যাবে না। কোলাহলপূর্ণ পরিবেশে চেঁচামেচি বা জোরে চিৎকার করা যাবে না। যদি কথা বলতে বলতে স্বর শুষ্ক, ক্লান্ত বা খসখসে মনে হয় তবে কথা বলা বন্ধ রাখতে হবে, তা না হলে স্বরতন্ত্রের স্থায়ী ক্ষতি হতে পারে।

৪। প্রতিদিন কিভাবে কথা বলছেন তার প্রতি খেয়াল করুন কারণ ভুলভাবে কথা বলার ধরণ আপনার স্বরকে ক্ষতিগ্রস্ত করতে পারে। তবে সঠিক উচ্চারণে বাংলা, ইংরেজি বা অন্য ভাষা যুক্ত করে কথা বলা বা ভাববিনিময় মেধা বা ব্রেনের উন্নয়নে ভূমিকা রাখে ।

৫। যারা সুন্দরভাবে বা সঠিক উচ্চারণে যত্ন নিয়ে কথা বলেন তাদের সঙ্গে বন্ধুত্ব বা যোগাযোগ রাখা এবং নিয়মিত ওইসব অনুষ্ঠান দেখা বা অংশ নেয়া যেখানে উচ্চারণ তত্ত্বকে বা প্রমিত ভাষার চর্চাকে গুরুত্ব দেয়া হয়। আপনার বলার ধরণ তেমনি হবে যেমন ধরণ শুনবেন। আপনি যে শব্দভান্ডারের মধ্যে থাকছেন, শুনছেন বা বলছেন হঠাৎ করে কোন অনুষ্ঠানে বা ব্যক্তির সঙ্গে যদি অন্য সুরে বা টোনে নিজেকে কথার মাধ্যমে উপস্থাপন করতে চেষ্টা করেন তবে আপনার কৃত্রিমতা এসে যাবে। এতে বিষয়টি আরও শ্রুতিকটু হয়ে যেতে পারে এবং গলার মাসল টোনের ওপর চাপও পড়তে পারে।

কণ্ঠস্বর খুব গুরুত্বপূর্ণ অন্যের সঙ্গে সুসম্পর্ক রক্ষা, উন্নয়ন এবং যোগাযোগ করার জন্য। একজন সংগীতশিল্পী, শিক্ষক, আইনজীবী, পারফর্মার, অভিনয়শিল্পী, বক্তা অথবা একজন প্রেজেন্টারের জন্য কণ্ঠস্বর যত্ন নেয়া খুব দরকার। অধিকাংশ লোকেরই কণ্ঠস্বরের ছোটখাটো সমস্যা থাকে যা প্রতিদিনের কিছু এক্সারসাইজ দ্বারা প্রতিরোধ এবং সুস্থ রাখা যায়। যেমন :

১। প্রতিদিন সকালে মৃদুভাবে গুণগুণ বা ঘুঘু পাখির মতো আওয়াজ করে ওয়ার্মআপ প্র্যাকটিস করতে পারেন।

২। দিনের মধ্যে কয়েকবার করে ঘাড়ের, গলার, কাঁধের চোয়ালের পেশির ব্যয়াম করতে হবে।

৩। নিয়মিত অনুলোম-বিলম, কপালভাতি, ভ্রামরী প্রাণায়মগুলো (ব্রিদিং এক্সারসাইজ) করা উচিত যাতে কণ্ঠসহ শরীরের অভ্যন্তরীণ কার্যক্ষমতা যথাযথ থাকে।

৪। চেয়ারে সোজা হয়ে বসে হাতের তালু হাঁটুর ওপর রেখে (সিংহাসন) মুখ



www.nagorikpathagar.org

হাঁ করে জিভ যতটা সম্ভব বাইরের দিকে বের করে 'আ' আওয়াজ করতে পারেন এতে স্বর সুন্দর হবে। সম্ভব হলে জিভটাকে হালকাভাবে টেনে ধরে আওয়াজ করতে পারলে স্বর আরও আকর্ষণীয় হয়।

৫। ঝাল মসল্লাযুক্ত খাবার খাওয়ার অভ্যাস যতটা সম্ভব নিয়ন্ত্রণ করতে হবে, এটা স্বরতন্ত্রের জন্য ক্ষতিকর।

৬। আপনার ইএনটি বা মুখগহ্বরের চিকিৎসকের সঙ্গে পরামর্শ করে টুথপেস্ট/ব্রাশ, মাউথওয়াশ ঠিক করে নিবেন এবং গলাসংক্রান্ত সমস্যায় চিকিৎসকের পরামর্শে থাকবেন।

পারস্পরিক যোগাযোগ, ভাববিনিময়, সম্পর্ক উন্নয়ন এর প্রধান মাধ্যম কথা। সুতরাং কথা বলার ভঙ্গি শব্দপ্রয়োগ, শব্দ উচ্চারণ যা গলার ভোকাল কর্ডের নিপুণতা বা সুস্থতার ওপর নির্ভর করে। সুতরাং সেই ভোকাল কর্ডের সুস্থতা এবং ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। কণ্ঠস্বর ঠিক রাখার জন্য আপনাকে অবশ্যই কণ্ঠস্বরের অনুশীলন এবং ব্যবস্থাপনার ওপর গুরুত্ব দিতে হবে। সেইসঙ্গে একটু ভেবেচিন্তে যত্ন করে সঠিক শব্দে ও উচ্চারণে মনের ভাবটি প্রকাশ করুন, সবার কাছে আকর্ষণীয় হয়ে উঠুন।

বাংলা ভাষার ব্যবহৃত কয়েকটি স্বরধ্বনির একাধিক শ্রাব্যরূপ রয়েছে এবং শব্দে ব্যবহৃত অবস্থানগত কারণেও একই স্বরধ্বনির যেমন বাংলা বর্ণমালার স্বর-ধ্বনি 'অ' এর উচ্চারণে ভিন্নতা রয়েছে। এ ক্ষেত্রে তিনটি রূপ পরিলক্ষিত হয়। যথা :

ক) অ-অর্ধ বিবৃত স্বরধ্বনি (half open vowel sound)

খ) ও–অর্ধ অসংবৃত স্বরধ্বনি (half close vowel sound)

গ) হসন্ত বা শূন্য

উদাহরণস্বরূপ 'গণিত' শব্দটি উচ্চারণে প্রথম ব্যঞ্জনযুক্ত 'অ' (গ+অ) এর উচ্চারণ 'ও' (গ+ো) হবে। শব্দটির শেষ ব্যঞ্জনযুক্ত 'অ' (ত+অ) এর উচ্চারণ হসন্ত বা শূন্য হবে। এবং 'অগণিত' শব্দের উচ্চারণে আদ্য 'অ' - এর উচ্চারণে অবিকৃত 'অ' এবং শব্দটির শেষের ব্যঞ্জনযুক্ত 'অ' (ত+অ) এর উচ্চারণ তো (ত+ো) হবে। কিন্তু মধ্য 'অ' এর উচ্চারণ 'গো' (গ+ো) হবে। স্বরধ্বনি 'অ' এর উচ্চারণে কোন ক্ষেত্রে কোন রূপটি প্রযোজ্য তা নির্দিষ্ট করবে উচ্চারণ-সূত্র। সুতরাং বাংলা ভাষার প্রমিত উচ্চারণে উচ্চারণ-সূত্রের গুরুত্ব অনস্বীকার্য। স্বরধ্বনি 'এ' এর উচ্চারণে 'এ' এবং 'অ্যা' এই দুটি রূপ রয়েছে। একইভাবে স্বরধ্বনি 'অ্যা' - এর 'অ্যা'এবং 'এ' দুটি উচ্চারণরূপ রয়েছে। উচ্চারণসূত্রই এই 'এ' এবং 'অ্যা' – এর উচ্চারণ নির্দিষ্ট করে আমাদের প্রমিত উচ্চারণে অন্যান্য যেসকল সীমাবদ্ধতা ও ব্যত্যয় রয়েছে তার সমস্ত কিছুর যুক্তি-নির্ভর সমাধান দেবে। সংবাদ উপস্থাপক বা আবৃত্তিশিল্পীকে মঞ্চে বা প্রচারমাধ্যমে আবৃত্তি বা সংবাদ পরিবেশনের পূর্বে এই প্রমিত উচ্চারণ-সূত্র আয়ত্ত করা এবং তা প্রয়োগে নির্ভুল হওয়া তার নৈতিক দায়িত্ব। শিল্পীর প্রস্তুতির স্বল্পতায়



www.nagorikpathagar.org

বা অজ্ঞতায় দর্শক-শ্রোতা এবং নতুন প্রজন্ম বিভ্রান্ত হয়ে একটা সঙ্কট তৈরি করে বৈকি। গণিত-সূত্রের ন্যায় উচ্চারণ-সূত্র মুখস্থ করা কষ্টসাধ্য বিষয় বটে। উচ্চারণ-সূত্রের রহস্য এবং শর্তসমূহ উপলব্ধিতে কবিতা বা অন্য যে কোন পাণ্ডুলিপি পাঠকালে সতর্ক ও মনোযোগী হয়ে নিজের শ্রুতিকে জাগ্রত রেখে এবং সংশয় সঙ্কটাপন্ন শব্দগুলির ক্ষেত্রে উচ্চারণ সূত্রের সাহায্য নিয়ে পাঠাভ্যাস গড়ে তুললে এবং এভাবে কিছুদিন নিয়মিত চর্চা করলে দ্রুতই উচ্চারণসূত্র একজন শিল্পীর আয়ত্তাধীন হবে। উচ্চারণ সূত্রকে সহজতর ও উপভোগ্য করার জন্য ধারাবাহিকভাবে ও ধাপে ধাপে সমস্যাগুলি চিহ্নিত করে এবং তা সমাধানের আকারে সূত্রসমূহ বিন্যস্ত করা হয়েছে। নবীন শিল্পী বা পাঠকের উৎসাহ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কিছু উদাহরণও এখানে সংযোজিত হলো। মনে রাখা জরুরি কোন শব্দের উচ্চারণ বা শ্রাব্য-রূপের চরম বা পরম অবস্থা নেই বরং কালস্রোতের পরিবর্তনে বানানরীতির মতো উচ্চারণরীতিও ক্ষেত্রবিশেষে পরিবর্তনযোগ্য বা পরিবর্তিত রূপ পরিগ্রহে সক্ষম। আরও মনে রাখা জরুরি উচ্চারণ-সূত্র আমাদের প্রমিত উচ্চারণকে সরলীকরণ আর সহজ যোগাযোগ স্থাপনের লক্ষ্যে আবিষ্কৃত। লক্ষ্য রাখতে হবে উচ্চারণ-সূত্র যেন কখনও যোগাযোগ স্থাপন প্রক্রিয়াকে কঠিনতর করে না তোলে।

এপর্যায়ে ধারাবাহিকভাবে উচ্চারণ-সূত্র এবং উদাহরণসমূহ উপস্থাপন করা হলো।

**স্বরধ্বনি 'অ' এর উচ্চারণ-সূত্র**

প্রাক পর্যালোচনায় আমরা লক্ষ্য করেছি স্বরধ্বনি 'অ'–এর উচ্চারণ বা শ্রাব্যরূপে 'অ', 'ও' এবং হসন্ত বা শূন্য (০) এই তিনটি অবস্থা বিরাজমান। এবং এই 'অ' স্বরধ্বনিটি শব্দের শুরু বা আদিতে, শব্দের মধ্যবর্তী যে কোন অবস্থানে এবং শব্দের শেষে বা অন্তে অবস্থান করতে পারে। অবস্থানভেদে এই স্বরধ্বনির উচ্চারণরূপ ভিন্নতর হতে পারে। বিস্তৃত এই জ্ঞান সহজে আয়ত্তে নেয়ার লক্ষ্যে এই স্বরধ্বনির অবস্থানভিত্তিক উচ্চারণ-সূত্র বিন্যাস করা হলো।

**আদ্য-'অ' সূত্র**

শব্দের শুরুতে বা আদিতে অবস্থিত স্বরধ্বনি 'অ' বা ব্যঞ্জনে যুক্ত 'অ' (ক+অ, গ+অ, চ+অ)

হ এর 'অ' এবং 'ও'(ো) এই দুটি উচ্চারণরূপ বা শ্রাব্যরূপ বর্তমান রয়েছে। শব্দের শুরুতে ব্যবহৃত স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনে যুক্ত 'অ' (খ+অ, ঘ+অ, ছ+অ, ন+অ ইত্যাদি) যে সকল ক্ষেত্রে 'ো' (ও) উচ্চারিত হবে তা নিম্নরূপঃ

**১) শব্দের শুরুতে স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনযুক্ত 'অ'** (ক+অ, গ+অ, চ+অ, ন+অ ইত্যাদি) থাকলে এবং তার পরে ি, ী, ু, ূ থাকলে সাধারণত আদ্য 'অ' এর উচ্চারণ 'ো' (ও) হবে। যেমন :

**ক) 'অ' এর পরেই 'ি' থাকলে আদ্য 'অ' এর উচ্চারণ 'ো' (ও) হবে।** যোমনঃ



www.nagorikpathagar.org

অতি, অসি, মতি, গতি, যদি, অলিন্দ, দরিদ্র, দয়িতা, তমিস্রা, অভিধান, অধিকার অভিবাদন, অভিমান, অতিকায় মনিষা, ভবিতব্য অতিশয়, লহিত, পরিমাণ।

**খ) 'অ' এর পরে 'ী' থাকলে আদ্য 'অ' এর উচ্চারণ 'ো' (ও) হবে।**

যেমনঃ নদী, সতী, শশী, জয়ী, অতীত, অধীন, নবীন, দলীয়, নবীকৃত, রবীন্দ্র, গন্ডি, মহীয়সী, মহীয়ান, মহীরুহ, মহীতল।

**গ) 'অ'এর পরে 'ু' থাকলে আদ্য 'অ' এর উচ্চারণ 'ো' (ও) হবে।**

যেমনঃ গরু, মরু, সরু, তনু, তরু, লহু, মউ, বউ, নতুন, দরুন, করুন, রসুন, অনুকরণ, অনুসৃত, তরুণ, তরুণী, অরুনা, অরুণিমা, তরুশির, অনুকূল, ধনুর্বান, মধু, রসুন, পশু।

**ঘ) 'অ' এর পরে 'ূ' থাকলে আদ্য 'অ' এর উচ্চারণ 'ো' (ও) হবে।**

বধূ, ময়ূর, ময়ূখ, মসূর, কর্পূর, বধূমাতা, অনূদিত।

**২) শব্দের শুরুতে স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনযুক্ত 'অ'** (ম+অ, প+অ, ব+অ, ন+অ ইত্যাদি) -এর পরে 'য' ফলা থাকলে আদ্য 'অ' এর উচ্চারণ 'ো' হবে। যেমন-অদ্য, গদ্য, পদ্য, সদ্য, তথ্য, গণ্য, পণ্য, অন্য, অত্যন্ত, কন্যা, বন্যা, শয্যা, সভ্য, নব্য, মধ্য, বন্য, মদ্যপ, যদ্যপি

ব্যতিক্রমঃ বধ্যভূমি।

**তবে যুক্ত ব্যঞ্জনবর্ণে 'য' ফলা, থাকলে আদ্য 'অ' অবিকৃত থাকবে।**

যেমন-বন্ধ্যা, মর্ত্য, অর্ঘ্য, বন্দ্যোপাধ্যায়, কণ্ঠ্য, অন্ত্য, অন্ত্যেষ্টিক্রিয়া

**ব্যতিক্রম** : সন্ধ্যা (এখানে আদ্য 'অ' এর উচ্চারণ 'ো' হবে।)

**৩) শব্দের শুরুতে স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনযুক্ত 'অ'** (ব+অ, ল+অ, ত+অ, য+অ ইত্যাদি) এর পরে ক্ষ (ক্+ষ) ক্ষ), জ্ঞ (জ+ঞ=জ্ঞ) **থাকলে সাধারণত অ-এর উচ্চারণ** 'ও' (ো) হবে।

যেমন : অক্ষর, বক্ষ, লক্ষ, অক্ষ, অক্ষাংশ, রক্ষা, অক্ষাগ্র, দক্ষ, যক্ষ, লক্ষণ, ভক্ষণ, তক্ষক, যজ্ঞ, যজ্ঞনাথ, যজ্ঞভূমি।

**কিন্তু 'ক্ষ' এর সাথে অন্য বর্ণ যুক্ত হলে আদ্য 'অ' অবিকৃত থাকবে।**

যেমন-যক্ষ্মা, পক্ষ্ম লক্ষ্মণ।

**৪) শব্দের শুরুতে স্বধীন 'অ' অথবা ব্যঞ্জনযুক্ত 'অ'** (ম+অ, ল+অ, য+অ, ন+অ ইত্যাদি) এর পরে 'ঋ' কার যুক্ত ব্যঞ্জনবর্ণ থাকলে আদ্য 'অ'-এর উচ্চারণ 'ও' (ো) হবে।

যেমন : মসৃণ, কর্তৃপক্ষ, যকৃত, বক্তৃতা, ।

**৫) শব্দের শুরুতে স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনযুক্ত 'অ'** (ক+অ, ম+অ, চ+অ, ব+অ ইত্যাদি) এর পরে রেফযুক্ত বর্ণের সাথে পূর্বে 'য' ফলা ছিল, কিন্তু আধুনিক



www.nagorikpathagar.org

বানানরীতিতে 'য' ফলা ব্যবহৃত হচ্ছে না- এরূপ ক্ষেত্রে আদ্য 'অ' এর উচ্চারণ 'ও' (ো) হবে।
যেমন : পর্যন্ত, পর্যায়, চর্যাপদ, পর্যবেক্ষণ, মর্যাদা।

**কিন্তু শুধু রেফ-যুক্ত বর্ণের পূর্বস্থিত 'অ' অবিকৃত থাকবে।**
যেমন : গর্ব, পর্ব, কর্ম, বর্ণ, পর্ণ, কর্ণ, স্বর্ণ, তর্ক, শর্ত, চর্বণ, বর্মণ, কর্তন, বর্ষণ, ঘর্ষণ,
**৬) একাক্ষর শব্দের স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনযুক্ত 'অ'** (ক+অ, গ+অ, চ+অ, ন+অ ইত্যাদি) এর পরে **দন্ত 'ন' থাকলে আদ্য 'অ' এর উচ্চারণ 'ও' (ো) হবে।**
যেমন : মন, বন, জন।
**ব্যতিক্রমঃ** ধন, সন (এখানে আদ্য 'অ' অবিকৃত থাকবে)

**তবে একাক্ষর শব্দের স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনযুক্ত আদ্য 'অ'** (গ+অ, প+অ, র+অ, ন+অ-ইত্যাদি) **এর পরে 'ণ' থাকলে 'অ' অবিকৃত থাকবে।**
যেমন : গণ, পণ, ক্ষণ, রণ, মণ।

**৭) সাধু ভাষায় ব্যবহৃত যে কোন শব্দ বা ক্রিয়াপদের স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনযুক্ত 'অ'** (ক+অ, গ+অ, চ+অ, র+অ, ন+অ-ইত্যাদি) এর পরে ব্যবহৃত **'ই' (ি) বর্জিত হয়ে চলিত ভাষায় ব্যবহৃত হলে আদ্য 'অ' এর উচ্চারণ 'ও' (ো) হবে।**
যেমন- করিবার > করবার, ধরিবার> ধরবার, চলিব> চলব, বসিয়াছিল> বসেছিল,

**তবে ক্রিয়াপদ ছাড়াও নামবাচক শব্দের ক্ষেত্রেও একই সূত্র প্রযোজ্য হবে।**
যেমন : রবিবার> রববার, হরীতকী> হরতকী,
**ব্যতিক্রম** : হইব> হব, কইব> কব, লইব> লব, রহিব> রব, সইব> সবো, রহিব>রব,

**৮) ব্যঞ্জনযুক্ত আদ্য 'অ'** (ক+অ, গ+অ, প+অ, ইত্যাদি) **এর সাথে** '্র' (র-ফলা) **যুক্ত বর্ণ থাকলে র-ফলাযুক্ত আদ্য 'অ' এর উচ্চারণ 'ও' (ো) হবে।**
যেমন : ক্রয়, গ্রহ, গ্রন্থ, ভ্রম, ত্রস্ত, প্রভাত, প্রকাশ, প্রভাত, শ্রবণ, স্রষ্টা, প্রত্যুষ, প্রতিভা প্রতিকার।

**কিন্তু ব্যঞ্জনযুক্ত আদ্য 'অ' (ক+অ, গ+অ, প+অ) এর সাথে '্র' (র-ফলা) যুক্ত বর্ণের পরেই 'য়' থাকলে আদ্য 'অ' উচ্চারণে আবিকৃত থাকবে।**
যেমন : ক্রয়, ত্রয়, শ্রয়।
**শব্দের শুরুতে ব্যবহৃত স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনযুক্ত 'অ' (ক+অ, গ+অ, চ+অ,**



www.nagorikpathagar.org

**হ+অ ইত্যাদি) উপরিল্লিখিত যে কোন একটি শর্ত পূরণ সত্ত্বেও যে সকল ক্ষেত্রে 'অ' অবিকৃত অর্থাৎ 'অ' রূপে উচ্চারিত হবে তা নিম্নরূপ :**

**১) সবক্ষেত্রেই নেতিবাচক বা না-বোধক অর্থে ব্যবহৃত শব্দের আদ্য-'অ' এবং সহিত বা সাথে অর্থ প্রকাশে ব্যবহৃত শব্দের স্বাধীন 'অ' অথবা ব্যঞ্জনেযুক্ত আদ্য 'অ' (স+অ) এর উচ্চারণে 'অ' অবিকৃত থাকবে।**

**নেতিবাচক অর্থ প্রকাশে 'অ' এর উচ্চারণ বা শ্রাব্যরূপ 'অ' হবে।**
যেমন : অনিকেত, অবিচার, অবিকৃত, অনিবার, অবিচল, অনিন্দ্য, অনিয়ম, অসীম, অব্যয়, অদৃশ্য,
**সাথে বা সহিত অর্থ প্রকাশে 'অ' এর উচ্চারণ বা শ্রাব্যরূপ 'অ' হবে।**
যেমন : সবিনয়, সঠিক, সচিত্র, সস্ত্রীক, সজীব, সতীর্থ, সহৃদয়, সমূল, সজ্ঞান, সতৃষ্ণ, সবিশেষ, সশ্রদ্ধ, সজ্ঞান, সসম্মান।

**২) সম্ উপসর্গ-যোগে গঠিত শব্দের আদ্য 'অ' সংস্কৃত অনুসারী হয়ে উচ্চারণে সর্বত্র 'অ' ই থাকবে।**
যেমন : সম্মিলিত, সমিতি, সমন্বিত, সমুচিত, সম্পূর্ণ, সম্পৃক্ত, সমৃদ্ধি, সমুচিত, সংকীর্ণ, সংযুক্ত, সম্মান, সন্তুষ্ট, সন্নিকট, সংখ্যা।

**৩) বিশেষ্য পদের ক্ষেত্রে আদ্য 'অ' কোনো কোনো ক্ষেত্রে অবিকৃত থাকতে পারে, আবার 'অ' 'ো' উচ্চারিত হতে পারে।**
যেমন : অতুল, অবিনাশ, অসীম, অমল, অনিরুদ্ধ, অরুণিম, অনিকেত, অমরনাথ, অম্লান।

## মধ্য 'অ' এর উচ্চারণ-সূত্র

**১) আদ্য "অ" এর উচ্চারণ সূত্রের ন্যায় শব্দমধ্যস্থিত 'অ' অর্থাৎ ব্যঞ্জনবর্ণে যুক্ত 'অ' এর পরে ি, ী, ু, ূ, ৃ, ক্ষ, জ্ঞ, য, রেফযুক্ত 'য' ফলা থাকলে সেই মধ্য 'অ' এর উচ্চারণ 'ও' (ো) হয়ে থাকে। এসব ক্ষেত্রে আদ্য "অ" না-বোধক বা সহিত অর্থ প্রকাশ করলেও মধ্য 'অ' উচ্চারণ 'ও' (ো) হয়ে থাকে।** যেমন :
ি ; কাকলি, প্রণতি, অবনতি, অগণিত, অবনি
ী ; তপস্বী, ঘরণী, তরণী, লহরী, করণীয়, স্মরণীয়
ু ; অবগুণ্ঠন, অবলুপ্ত, করপুট, চয়নিকা, চমকিত
ূ ; শতমূল, উপকূল, সমভূমি,
ৃ ; অপসৃত, অমসৃন, অপমৃত্যু



www.nagorikpathagar.org

ক্ষ ; অদক্ষ, সুদক্ষ, বিপক্ষ,
জ্ঞ; দৈবজ্ঞ, বিশেষজ্ঞ
্য ; আলস্য, অগত্যা, সৌজন্য, অকথ্য, অসভ্য

**২) তিন বা ততোধিক বর্ণে গঠিত শব্দের মধ্য 'অ' এর আগে অ, আ, এ এবং ও থাকলে মধ্য 'অ'এর উচ্চারণ 'ও' (ে া) হয়ে থাকে। তবে আদ্য 'অ' না - বোধক এবং সহিত অর্থে ব্যবহৃত হলে মধ্য 'অ' এর উচ্চারণ অবিকৃত থাকবে।** যেমন :

অ; যতন, রতন, শতক, বদন, বলদ, বদল, কলস, অলস,
মদন, পরশ, মতন, কমল।
আ ; কাজল, পাগল, ছাগল, আনন, কনন, সাগর, আদর,
বাঁদর, গাজর, বাদল, পাগল, মাতল, আলস্য।
এ ; বেতন, কেশব, চেতন, লেহন।
ও ; শোধন, বোধন, শোষণ, ওজন, কোমল, ছোবল।

**না-বোধক অর্থে :** অজর, অমর, অনড়, অটল, অচর, অব্যয়, অক্ষয়
**সহিত অর্থে :** সরস, সবল, সজল, সচল, সরাজ, সদল, সরব।

**৩) দ্বিরুক্ত শব্দ বিশেষণাত্মক হলে শব্দ মধ্যস্থিত প্রাথমিক 'অ' এর উচ্চারণ হয় এবং পরবর্তী 'অ' এর উচ্চরণ 'ে া' হবে।**
যেমন : ঝরঝরে, কড়কড়ে, কনকনে।

**৪) সমাসবদ্ধ 'তৎসম' শব্দসমূহ পৃথক উচ্চারণে হসন্ত উচ্চারিত হলেও সমাসবদ্ধ অবস্থায় মধ্য 'অ' এর উচ্চারণ 'ে া' কারান্ত হয়।**
যেমন : পথচারী, বনবাসী, মেঘমাল্লার, দীনবন্ধু, গীতগোবিন্দ, গীতবিতান, রণতূর্য, রসকদম্ব। এখানে সমাসবদ্ধ পদের মধ্য এর উচ্চারণ 'ে া' কারান্ত হবে।
**কয়েকটি সমাসবদ্ধ পদের ক্ষেত্রে সাম্প্রতিক উচ্চারণে মধ্য 'অ' এর স্থানে হসন্ত উচ্চারিত হয়ে বাংলা প্রমিত উচ্চারণে স্থান করে নিয়েছে।**
যেমন : রাজনীতি, রাজপুত্র, রাজহংস, ফুলশয্যা, সংবাদপত্র, দুর্গেশনন্দিনী, মেঘদূত, ন্যায়সঙ্গত, লোকসভা, মূলরোম, মতবিনিময়।

**সমাসবদ্ধ পদের ক্ষেত্রে সাম্প্রতিক উচ্চারণে মধ্য 'অ' এর স্থানে হসন্ত উচ্চারিত হওয়ার ক্ষেত্রগুলি আলোচনা করা হলো :**

ক) সমাসবদ্ধ শব্দের পূর্বপদের অন্ত 'অ' এর 'ে া' উচ্চারণে বাংলা ভাষায় পৃথক অর্থের শব্দ থাকলে 'ে া' উচ্চারণ পরিহার করে হস্ উচ্চারণ করতে



www.nagorikpathagar.org

হবে।
যেমন- কালরাত্রি, কালসাপ, মূলরোম, মতবিনিময়, কালবেলা, ভাবরস, দূরপাঠ,

খ) তৎসম শব্দ না হলে সমাসবদ্ধ পদের মধ্য 'অ' হ্স্ উচ্চারণ করতে হবে। যেমন-মালপত্র, ঘরবাড়ি, জানমাল, শাকসবজি, দেশজুড়ে, দেশসেবা, ঋণমুক্ত, ঋণসুবিধা, অকালমৃত্যু, বাকপটু, অকালমৃত্যু, নয়নমনি, নয়নজল, বানভাসি, সমাগান লোকপ্রশাসন, দিনরাত ইত্যাদি।

**অন্ত 'অ' এর উচ্চারণ-সূত্র**

**শব্দান্তের 'অ' এর উচ্চারণ বা শ্রাব্যরূপে 'অ', 'ও' এবং হসন্ত বা শূন্য (০) - এই তিনটি অবস্থা বিরাজমান। বাংলা ভাষার শব্দান্তের 'অ' সংস্কৃতের মতো বা প্রাকৃতের মতো সবসময় 'ও' উচ্চারিত হয় না। এই 'অ' ধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনবর্ণে লিপ্ত থাকে বলে প্রায়শ হসন্তরূপে উচ্চারিত হয়।**
যেমন : নাক, কান, গান, হাত, ঋণ, ঘর, বর, ছাদ, মলিন, দিবস।

**শব্দান্তের 'অ' এর শ্রাব্যরূপে যে সকল ক্ষেত্রে 'ো' উচ্চারিত হয় তা নিচে আলোচনা করা হলো।**

**১) বিশেষণ বা বিশেষণরূপে ব্যবহৃত অন্তিম 'অ' এর উচ্চারণ 'ো' হয়।**
যেমন : কাল, ভাল, খাট, ছোট, বড়, এতো, যত, হেন।
**ব্যতিক্রম :** লাল, নীল।

**২) দ্বিরুক্ত শব্দ বিশেষণরূপে ব্যবহৃত হলে অন্তিম 'অ' এর উচ্চারণ 'ো' হয়।**
যেমন : কাঁদ-কাঁদ, পড়-পড়, বড়-বড়, ছল-ছল, কল-কল,সাজ-সাজ, বাধ-বাঁধ
**ব্যতিক্রম :** কড়কড়, খড়খড়, মড়মড়, গড়গড়, তরতর, শনশন, ভনভন, পনপন।

**৩) ১১ থেকে ১৮ পর্যন্ত সংখ্যাবাচক শব্দের অন্তিম 'অ' এর উচ্চারণ 'ো' হয়।**
যেমন : এগার, বার, তের, চৌদ্দ, পনের, ষোল, সতের এবং আঠার

**৪) আন প্রত্যয়ান্ত শব্দের অন্তিম 'অ' এর উচ্চারণ 'ো' হয়।**
যেমন : করান, তড়ান, বলান, সাঁতরান, দেখান, শেখান, পাঠান, খেলান।

**৫) 'ত' এবং 'ইত' প্রত্যয়যোগে গঠিত বিশেষণ শব্দের অন্তিম 'অ' -এর উচ্চারণ 'ো' হয়।**



www.nagorikpathagar.org

যেমন : হৃত, মত, মৃত, গত, নত, রত, নিয়মিত, গঠিত, পঠিত, প্রীত, রক্ষিত, মৃত, ধৃত, বিদিত, ভাত, বঞ্চিত, পরীক্ষিত, পালিত, স্থগিত, সুরক্ষিত।

**৬) ই কিংবা 'এ'কারের পর 'য়' থাকলে সেই 'য়' হসন্ত রূপে উচ্চারিত না হয়ে 'ো' কারের মতো উচ্চারিত হয়ে থাকে।**

যেমন : নির্ণেয়, প্রিয়, মিয়, স্বীয়, দেয়, পেয়, বিধেয়, অনুমেয়, স্মরণীয়, বরণীয়, জ্ঞেয়, তুলনীয়।

**কিন্তু 'অ' বা 'আ' ধ্বনির পরে অবস্থিত 'য়' এর 'অ' হসন্তরূপে উচ্চারিত হয়।**

যেমন : বিষয়, জয়, ক্ষয়, যায়, পায়, ন্যায়, দেয় (দ্যায়), গায়

**৭) বিশেষ্য শব্দের শেষে 'হ' এর অন্তিম 'অ' এর উচ্চারণ 'ো' হয়।**

যেমন : বিবাহ, মোহ, কলহ, বিগ্রহ, বিরহ, দ্রোহ, স্নেহ।

**৮) তর, তম, তন, (তরো, তমো, তনো) প্রত্যয় সংযুক্ত বিশেষণ পদের অন্তিম 'অ' প্রায়শই 'ো' হয়।**

যেমন : অধিতকতর, উচ্চতর, ভিন্নতর, গুরুতর, অন্যতর, বৃহত্তর, বৃহত্তম, অধিকতম, সর্বোত্তম, নিকৃষ্টতম, নিম্নতম, ঊর্ধ্বতন, পূর্বতন।

**৯) ইব, ইল, ইতেছ, ইয়াছ, ইতেছিল, ইয়াছিল ইত্যাদি প্রত্যয়যোগে গঠিত ক্রিয়াপদের অন্তিম 'অ' এর উচ্চারণ 'ো' হয়।**

যেমন : করিব, করিল, করিতেছ, করিয়াছ, করিতেছিল, বসিয়াছিল।

**১০) অন্ত 'অ' এর আগে ঐ, ঔ, ৎ, ঃ এবং ং থাকলে অন্তিম 'অ' এর উচ্চারণ 'ো' হয়।**

যেমন : তৈল, ধৈব, জৈন, বৈধ, গৌণ, মৌন, যৌথ, লৌহ, হংস, অংশ, বিংশ, বংশ, দুঃখ, কৃশ, তৃণ, মৃগ, নিঃসৃত, বিধৃত,
ব্যতিক্রমঃ দৌড়, পৌষ, বৌল, সরীসৃপ।

**১১) শব্দান্তে সংযুক্ত বর্ণ থাকলে (দুই বা অধিক ব্যঞ্জনবর্ণ) সেক্ষেত্রে অন্তিম 'অ' এর উচ্চারণ 'ো' হয়।**

শক্ত, ভক্ত, যত্র, পদ্য, ধর্ম, কর্ম, পদ্ম, চিহ্ন, ধর্ম, দাহ্য, বিপ্র, সর্ব, ঐতিহ্য, দন্ত, গন্ধ, অঙ্ক, প্রশ্ন।

**শব্দান্তের 'অ' এর উচ্চারণে যে সকল ক্ষেত্রে হসন্ত বা 'শূন্য' (০) উচ্চারিত হয় তা**



www.nagorikpathagar.org

**নিচে আলোচনা করা হলো :**

**১) বিশেষ্য পদের অন্তিম 'অ' এর উচ্চারণ হসন্ত বা শূন্য হয়।**

যেমন : ভাল, কপাল, আষাঢ়, কামান, বাগান, কলস, কলম, পতন, বন, গীত, রক্ষিত, (পদবি অর্থে) পালিত (পদবি অর্থে)।

**২) তবে অনুজ্ঞা, আদেশ ও সম্মান প্রকাশে অন্তিম 'অ' এর উচ্চারণ হসন্ত বা শূন্য হয়।** যেমন : দেখান, চালান, করান, পাঠান

**৩) বিশেষণ শব্দের শেষে 'ঢ়' থাকলে অন্তিম 'অ' এর উচ্চারণ 'ও' 'ো' হয়।**

যেমন : গুঢ়, গাঢ়, মূঢ়, প্রৌঢ়, দৃঢ়।

## 'আ' এর উচ্চারণ-সূত্র

**শ্রাব্যরূপে বাংলা ভাষায় স্বরধ্বনি 'আ' এর উচ্চারণে 'া' এবং '্যা' -এই দুইটি রূপ পরিলক্ষিত হয়। স্বরধ্বনি 'আ' (া) যে ক্ষেত্রে '্যা' উচ্চারিত হয় তা নিম্নে আলোচিত হলো।**

**১) শব্দের প্রারম্ভে 'জ্ঞ' (জ+ঞ+া) এবং '্য' ফলাযুক্ত ব্যঞ্জনবর্ণের সাথে আ-কার সংযুক্ত থাকলে 'া'এর উচ্চারণ 'এ্যা' হয়।**

যেমন : জ্ঞান, জ্ঞাতি, জ্ঞাপন, জ্ঞাত, খ্যাত, ব্যাধ, ব্যাস, পাঁচ, ব্যাপার, ব্যাপ্ত, ব্যাকুল, ব্যাখ্যা।

**২) বদ্ধ দলে পূর্ব 'আ' শ্রাব্যরূপে কিছুটা দীর্ঘ হয়। যেমন : আম, জাম, খাম, বাগ। কিন্তু মুক্ত দলে পূর্ব 'আ' শ্রাব্যরূপে অপেক্ষাকৃত হ্রস্ব হয়।**

যেমন : রামা, মামা, রাগা।

### ই, ঈ, উ এবং ঈ, উ উচ্চারণ রীতি

**১) সাধারণ ই, উ হ্রস্ব এবং ঈ, উ শ্রাব্যরূপে বা উচ্চারণে দীর্ঘ হয়।**

যেমন : যদি, রবি, শনি, মধু, নদী বধূ, ময়ূর

**২) একাক্ষরবিশিষ্ট শব্দ (Monosyllabic word) এর বদ্ধ দলে ব্যবহৃত ই, উ উচ্চরণে দীর্ঘ হয় কিন্তু মুক্ত দলে হয় না।**

যেমন :

চুপ–চুপি

তিন–নিতি,

সুর–সুরে,

দূর–দূরে



www.nagorikpathagar.org

**‘এ’ এর উচ্চারণ সূত্র**

**শ্রাব্যরূপে বাংলা ভাষায় ব্যবহৃত স্বরধ্বনি ‘এ’ এর উচ্চারণে ‘ে’ এবং ‘্যা’-এই দুইটি রূপ পরিলক্ষিত হয়। স্বরধ্বনি ‘এ’(ে) যে সকল ক্ষেত্রে ‘এ’ উচ্চারিত হয় তা নিম্নে আলোচিত হলো।**

**১) শব্দের প্রথমে স্বরধ্বনি ‘এ’ এবং ব্যঞ্জনে যুক্ত ‘এ’ এর পরে ই, ঈ, উ, ঊ, এ, ও, য়, ব, ল, ব, শ, থাকলে ‘এ’ এর উচ্চারণ অবিকৃত থাকবে অর্থাৎ ‘ে’ উচ্চারিত হবে।**

‘এ’ এর পরে ই থাকলে; একি, দেখি, দেরি, ঢেঁকি, কেশি, মেকি।
‘এ’ এর পরে ঈ থাকলে; বেশী, বেণী, নেত্রী, একীভূত।
‘এ’ এর পরে উ থাকলে; বেগুন, একুশ, লেবু, বেহুশ, বেহুলা।
‘এ’ এর পরে ঊ থাকলে; বেদূইন,
‘এ’ এর পরে এ থাকলে; মেয়ে, চেয়ে, গেয়ে, খেয়ে
‘এ’ এর পরে ও থাকলে; দেওর, ভেতো, মেঠো, গেছো।
‘এ’ এর পরে য় থাকলে; এবং এবড়োথেবড়ো
‘এ’ এর পরে ব থাকলে; শ্রেয়, খেয়া, কেয়া
‘এ’ এর পরে ল থাকলে; তেল, বেল, জেল
‘এ’ এর পরে শ থাকলে; বেশ, শেষ, লেশ, পেশ
‘এ’ এর পরে হ্ থাকলে; স্নেহ, লেহন, কেহ, দেহ,
**ব্যতিক্রম :** একে একে

**২) ‘ই’ কার বা ‘ঋ’-করযুক্ত ধাতুর সঙ্গে ‘আ’- কার যুক্ত হয়ে গঠিত শব্দের প্রারম্ভিক ‘এ’ এর উচ্চারণ অবিকৃত থাকবে।**

যেমন : কিন+আ=কেনা,
মিল+আ = মেলা,
লিখ্+আ = লেখা,
গিল+আ = গেলা (গলাধঃকরণ),
মিশ+আ = মেশা,
জিল+আ = জেলা,
শিখ+আ = শেখা,
নৃ+তা = নেতা,
নৃ+পাল = নেপাল।
এলাকা (<ইলাকা), এনাম (<ইনাম), এবাদত (<ইবাদত) লেহন (<লিহন), বেদনা (<বিদ)।



www.nagorikpathagar.org

**৩) সংস্কৃত বা তৎসম শব্দের আদ্য 'এ'কার অবিকৃত 'এ' রূপে উচ্চারিত হয়।**
যেমন : প্রেরক, তেজস্কৃয়া, প্রেম, হেমন্ত, মেধা, মেদ, বেতন, কেতন, তেজস্বী, দেবর্ষি, বেণী, মেদিনী, মেরু, শেখর, সেতু, সেবক।

**৪) একাক্ষর** (Monosyllabic) **সর্বনাম পদের 'এ' এর উচ্চারণ অবিকৃত থাকবে।**
যেমন : কে, সে, এ যে ইত্যাদি।
**বাংলা ভাষায় ব্যবহৃত স্বরধ্বনি 'এ' এর উচ্চারণ যে সকল ক্ষেত্রে 'যা' হয় তা নিম্নে আলোচিত হলো।**

**১) এ-কারযুক্ত একাক্ষর শব্দ** (Monosyllabic word) **এর ধাতুর সঙ্গে 'আ' প্রত্যয় যুক্ত হলে 'এ'- এর উচ্চারণ 'এ্যা' হয়।**
যেমন : খেদা–খ্যাদা, ঠেল–ঠ্যালা ক্ষেপা–ক্ষ্যাপা, ফেরা–ফ্যালা, ব্যেচা, খেলা–খ্যালা, হেলা–হ্যালা, তেল–ত্যালা, গেল–গ্যালো (যাওয়া)
**২) প্রারম্ভিক 'এ' এর পরে ং, ঙ, গ থাকলে এবং তারপরে, ই, ঈ, উ, ঊ অনুপস্থিত থাকলে 'এ' এর উচ্চারণ 'এ্যা'হয়।**
যেমন : বেঙ-(ব্যঙ), ভেংচা-(ভ্যাংচা), টেংরা-(ট্যাংরা), লেংড়া, নেংটা

**৩) আদ্য 'এ' কারের পরে 'অ' এবং 'আ' থাকলে 'এ' কারের 'এ্যা' রূপে উচ্চারিত হওয়ার প্রবণতা থাকে অধিক। কিন্তু 'এ' এর পরে 'অ' বা 'আ' এর পরিবর্তে ই, উ থাকলেই এ অবিকৃত থাকবে।**
যেমন : এখন (এ্যাখন), কেমন (ক্যামন), যেমন (য্যামন), তেমন- (ত্যামন), এমন (এ্যামন), এক, একা, বেটা, জেঠা, পেঁচা, যেন, কেন, হেন, ভেড়া, চেলা, নেড়া। একুশ, একি, হেরি, এখুনি, জেঠী, নেড়ী।

**তবে আদ্য 'এ' পরে 'অ' বা 'আ' হলে এবং এর পরে ই, উ থাকলে 'এ' অবিকৃত থাকবে।**
যেমন : একটি, একটু, একত্রিত, একীভূত, একটুকু, প্রেয়সী,

## য-ফলা উচ্চারণ রীতি

**বাংলা ভাষায় ব্যবহৃত য-ফলা (্য) এর উচ্চারণ 'ে' এবং 'যা' -এই দুইটি রূপ পরিলক্ষিত হয়। য-ফলা (্য) যে সকল ক্ষেত্রে 'যা' উচ্চারিত হয় তা নিম্নে আলোচিত হলো।**



www.nagorikpathagar.org

**১. শব্দের শুরুতে য-ফলা যদি ব্যঞ্জনে যুক্ত 'অ' কিংবা 'আ' (া)- এর সাথে যুক্ত হয় তবে তাদের উচ্চারণ 'অ্যা' (্যা) হয়।**

যেমন : ব্যক্ত, ব্যর্থ, ব্যবস্থা, ব্যথা, ন্যায়, ধ্যান, ব্যাঘাত, ব্যাখ্যা।

**২. পদের মধ্যে কিংবা অন্তে যুক্তবর্ণের সঙ্গে য-ফলা যুক্ত হলে তার কোন উচ্চারণ থাকে না।**

যেমন : সন্ধ্যা, স্বাস্থ্য, অর্ঘ্য।

**৩. পদের মধ্যে কিংবা অন্তে য-ফলা যুক্ত হলে সে বর্ণটি দু'বার উচ্চারিত হয়।**

যেমন : মদ্য ,পদ্য, সদ্য, অদ্য, কন্যা, কল্যাণ, পণ্য, জন্য, অন্যায়, অন্যান্য, অধ্যায়, কর্তব্য, উদ্যোগ।

**য-ফলা (্য) যেক্ষেত্রে 'ে' উচ্চারিত হয় তা নিম্নে আলোচিত হলো।**

**পদের আদ্য 'অ' –এর সঙ্গে সংযুক্ত য-ফলার (্য) পরে যদি ই-কার থাকে তবে সেক্ষেত্রে উচ্চারণ এ-কারান্ত হয়।**

যেমন : ব্যথিত, ব্যক্তি, ব্যতিরেকে, ত্যজিয়া।

**তবে য-ফলা আকার থাকলে এবং অব্যবহিত পরে ি,ী কার থাকলে 'এ্যা' উচ্চারণ হবে।**

যেমন : ব্যাপ্তি, ব্যাপিয়া।

## হ-যুক্ত বর্ণের উচ্চারণরীতি

**১. 'হ' এর সঙ্গে ঋ-কার সংযুক্ত হলে উচ্চারণ হয় 'hri, এর মত।**

যেমন : হৃদয়–hriদয়, হৃৎপিণ্ড– hri ৎপিণ্ডো, হৃদি–hriদি

**২. 'হ' এর সঙ্গে র-ফলা সংযুক্ত হলে উচ্চারণ হয় 'hr' এর মত।**

যেমন :হ্রদ–hrদ, হ্রাস–hraশ

**৩. 'হ' এর সঙ্গে 'ণ' বা 'ন' সংযুক্ত হলে উচ্চারণ হয় 'nho' এর মত হয়।**

যেমন : পূর্বাহ্ন–পুরবাnho, অরাহ্ন–অপোরাnho, বহ্নি –বোnhi।

**৪. 'হ' এর সঙ্গে ব যুক্ত হলে 'হ' এর স্থলে 'ও' বা 'উ' উচ্চারিত হয় এবং 'ব' মহাপ্রাণতা লাভ করে 'ভ' তে রূপান্তরিত হয়।**

যেমন : আহ্বান-আওভান, বিহ্বল-বিউভল, জিহ্বা-জিউভা।



www.nagorikpathagar.org

**৫. 'হ' এর সঙ্গে য-ফলা যুক্ত হলে 'জ' এর-দ্বিত্ব উচ্চারণ হয় এবং পরবর্তী 'জ' এর উচ্চারণ 'ঝ' এর মতো হয়।**
যেমন : উহ্য-উজঝো, গ্রাহ্য-গ্রাজ্‌ঝো, ঐতিহ্য-ঐতিজঝো।

## 'ম'-ফলা উচ্চারণ রীতি

**১. ব্যঞ্জনযুক্ত আদ্য 'অ' এর সাথে 'ম'-ফলা যুক্ত হলে সাধারণত 'ম' এর কোনো প্রভাব থাকে না, তবে প্রমিত উচ্চারণে 'ম' -ফলাযুক্ত বর্ণটি সামান্য নাসিক্য হয়।**
যেমন : স্মরণ (শঁরোন্), স্মারক (শঁশান্), স্মর্তব্য (শোঁর্‌আোব্‌বো), স্মৃতি (স্মৃঁতি), শ্মশ্রু (শোঁসস্রু), স্মারক (শাঁরোক্)।

**২. শব্দের মাঝে বা শেষে 'ম'- ফ লা সংযুক্ত হলে 'ম' এর কোনো প্রভাব থাকে না এবং 'ম'-ফলা সংযুক্ত বর্ণের দ্বিত্ব উচ্চারণ হয়। এই 'ম' যেহেতু অনুনাসিক ধ্বনি সেজন্য দ্বিত্ব উচ্চারিত শেষ ধ্বনিটি সাধারণত সামান্য নাসিক্য প্রবাবিত হয়।**
যেমন : ছদ্ম (ছদদোঁ), পদ্ম (পদদোঁ), অকস্মাৎ (অকোশ্‌শাঁত্), রশ্মি (রোশইশঁ),মহাত্ম (মহাততাঁ), কস্মিন (কোশর্শিন), বিস্মরণ (বিশ্‌শরোন)।

**কিন্তু গ, ঙ, ট,ণ, ম, এবং ল-এর সঙ্গে সংযুক্ত 'ম'-এর উচ্চারণ সাধারণত অবিকৃত থাকে।** যেমন :
গ + ম-ফলা: বাগ্মী (বাগ্‌মি) যুগ্ম (জুগ্‌মো)
ঙ + ম-ফলা: বাঙ্ময় (বাঙময়), বাঙ্‌ময়ী (বাঙমোয়ি)
ট্ + শ-ফলা: কুট্মল (কুটমল), কুট্মলিত (কুটমোলিতো)
ণ্ + ম-ফলা:হিরন্ময় (হিরনময়) মৃন্ময় (মৃনময়)
ম্ + ম-ফলা: উন্মাদ (উনমাদ), উন্মার্গ (উনমারগো)
ম্ + ম-ফলা: সম্মান (শমমান), সম্মতি (শমমোতি)
ল্ + ম-ফলা: গুল্ম (গুলমো০, বাল্মীকি (বালমিকি)

**৩. যুক্ত ব্যঞ্জনবর্ণের সঙ্গে সংযুক্ত 'ম'-ফলার কোনো উচ্চারণ হয় না, তবে এক্ষেত্রেও যুক্ত ব্যঞ্জনবর্ণের শেষ বর্ণটি প্রমিত উচ্চারণে 'ম'-ফলার কারণে নাসিক্য হবে।**
যেমন : সূক্ষ্ম (শুকখোঁ), লক্ষ্ম (লোকখঁ), লক্ষ্মণ (লকখোঁন), যক্ষ্মা (জকখাঁ)।

**৪. বাঙলা ভাষায় ব্যবহৃত 'ম'—ফলাযুক্ত কয়েকটি সংস্কৃত শব্দের উচ্চারণেও সংস্কৃত রীতি মেনে 'ম' উচ্চারিত হয়।**



www.nagorikpathagar.org

যেমন- কুস্মান্ড (কুশমানডো), স্মিত (স্মতো), শুচিস্মিতা (শুচিশমিতা), সুস্মিতা (শুসমিতা), কাশ্মীর (কাশমির), আয়ূস্মতী (আযুশমোতি)

## 'ব'-ফলা উচ্চারণ রীতি

**১. ব্যঞ্জনবর্ণ 'ব' ফলা সংযুক্ত হলে সাধারণত 'ব' এর কোনো প্রভাব থাকে না তবে ব্যঞ্জনবর্ণটির উচ্চারণে সামান্য ঝোঁক বা শ্বাসাঘাত পড়ে থাকে।**
যেমন : স্বাধিকার, স্বদেশ, জ্বালা, ত্বক, শ্বাপদ, শ্বাস, অক্ষনি, স্বামী, স্বগত।

**২. বাংলা প্রমিত উচ্চারণে পদের মধ্যে কিংবা শেষে 'ব' ফলা থাকলে সংযুক্ত বর্ণের উচ্চারণ দ্বিত্ব ঘটে থাকে।**
যেমন : দ্বিত্ব, বিশ্ব, বিশ্বাস, বিদ্বান, পক্ব, রাজত্ব, বিঅক্ষস্ত, পৃথ্বঅ, দাসত্ব প্রজ্বলিত, অশ্ব, অশ্বিন।
**ব্যতিক্রম :** অদ্বিতীয়

**৩. উৎ উপসর্গ যোগে গঠিত শব্দের 'ৎ' এর সঙ্গে 'ব' ফলার 'ব' প্রমিত উচ্চারণে সাধারণত অবিকৃত থাকে।**
যেমন : উৎ+বেগ+ উদ্বেগ, উৎ+বিগ্ন+ উদ্বিগ্ন। একই ভাবে উদ্বোধন, উর্ধ্বতন, উদ্বেলিত, উদ্বন্ধন, উদ্বিড়াল, উদ্বৃত্ত ইত্যাদি।

**৪. বাংলা শব্দে ক্ থেকে সন্ধির সূত্রে আগত-'গ'এর সঙ্গে 'ব'-ফলা যুক্ত হলে সেক্ষেত্রে 'ব' -এর উচ্চারণ প্রায়শ অবিকৃত থাকে।**
যেমন : দিক+বালয়+ দিগ্বিলয়, দিক+বধু দিগ্বধূ। একই ভাবে দিগ্বসনা, দিগ্বালিকা, দিগ্বিজয়, দিগ্বিদিক, ঋগ্বেদ ইত্যাদি।

**৫. এছাড়া 'ব' -এর সঙ্গে এবং 'ম' -এর সঙ্গে 'ব'-ফলা যুক্ত হলে , সে 'ব'-এর উচ্চারণ অবিকৃত থাকে।**
যেমন : 'ব' এর সঙ্গেঃ বাব্বা, সব্বাই, সাব্বাশ তিব্বত, নব্বুই।
'ম' এর সঙ্গেঃ বিম্ব, বুম্বা, অম্বা, হাম্বা, নীলাম্বরী, সম্বর্ধনা, নিতম্ব, গম্বুজ, কম্বু, অম্বর, ত্র্যম্বক, সম্বিত, সম্বোধন, শম্বুক।

**তবে এ প্রসঙ্গে স্মর্তব্য যে 'ব' -ফলা, যুক্ত-ব্যঞ্জনবর্ণের সঙ্গে সংযুক্ত হলে তার কোন উচ্চারণ হয় না।**
যেমন : উচ্ছ্বাস, উজ্জ্বল, দ্বন্দ্ব, সান্ত্বনা, আমসত্ত্ব, অন্তর্দ্বার, পার্শ্ববর্তী, অন্তর্দ্বন্দ্ব।



www.nagorikpathagar.org

# উপস্থাপনা কী

যারা শিল্পসাহিত্য, আবৃত্তি, সঙ্গীত, অভিনয়, রাজনীতি এমনকি শিক্ষকতা বা প্রশিক্ষণের সঙ্গে সম্পৃক্ত তাদের কোনো না কোনো সময় মঞ্চে উঠতে হয়। লাইমলাইটে দাঁড়াতে হয়। মাইক্রোফোনে কথা বলতে হয়। এই কথা বলা বা উপস্থাপনা যদি দর্শক-শ্রোতাকে আকৃষ্ট বা মুগ্ধ করে তাহলে তো সমস্যা নেই। কিন্তু একটু অমনোযোগ বা সামান্য অসতর্কতায় যদি দর্শক-শ্রোতা বিরক্তবোধ করেন তাহলে সকল প্রস্তুতি ও উদ্যোগ পণ্ড হতে বাধ্য। তখন যিনি উপস্থাপনা করলেন, নিজেকে ক্ষমা করতে পারেন না। আত্মদংশনের শত হুল মনের মধ্যে বিঁধতে থাকে। যতদিন মনে পড়ে ততদিন নিজের মনে বিব্রত হওয়া ছাড়া কোনো উপায় থাকে না। তাই উপস্থাপনার ক্ষেত্রে পূর্বপ্রস্তুতি নেয়া ও সতর্ক থাকা প্রয়োজন।

**উপস্থাপনা কী?**

উপস্থাপনা একটি শিল্প। কেউ কেউ একটু আধটু উপস্থাপনা করতে করতে সময়ে বেশ দক্ষ হয়ে ওঠেন। ঘন্টার পর ঘন্টা দর্শক-শ্রোতাকে মুগ্ধ করে রাখতে পারেন। এটি কোনো মায়াজাল বিস্তারকারী ব্যাপার নয়। যে-কেউ খুব সহজভাবে উপস্থাপনা করতে পারেন। দিনযাপনে যেমন স্বাভাবিকভাবে কথা বলেন ঠিক তেমনভাবে বেশ সহজে উপস্থাপনা চালিয়ে যাওয়া সম্ভব। আমাদের মধ্যে কেউ কেউ আড্ডা বা আসরে চমৎকার কথা বলে চলেন। আড্ডা জমিয়ে রাখার ক্ষমতা অপরিসীম; কিন্তু মঞ্চে উঠতে ইতস্তত করেন। ভয় পান। মাইক্রোফোন হাতে নিয়ে বোকা হয়ে তোতলাতে থাকেন। পরবর্তীতে এই কাজ করতে আর আগ্রহী থাকেন না। অথচ কিছু প্রস্তুতি নিলে যে-কেউ চমৎকার ও আকর্ষণীয় উপস্থাপনা করতে সক্ষম হতে পারেন। বিষয়টি নিয়ে একটু আলোচনা করা যাক।



www.nagorikpathagar.org

সাধারণভাবে উপস্থাপনা হলো সুনির্দিষ্ট কোনো উদ্দেশ্য সামনে রেখে নির্ধারিত সময়ের মধ্যে কোনো তথ্য বা অনুভূতির প্রকাশ। এই তথ্য বা অনুভূতি নানান মাধ্যমের হতে পারে এবং তা একটি ধারানুক্রমের নিয়ম অনুসরণ করে সম্পাদিত হয়। এটি মৌখিক হতে পারে। দর্শনযোগ্য হতে পারে, যেখানে ছবি বা চিত্র বিশ্লেষণমূলক বর্ণনা থাকতে পারে। এছাড়া উপস্থাপনা হতে পারে, লিখিত, সঙ্গীত, আবৃত্তি, অভিনয় অথবা সার্বিকভাবে অডিও-ভিজুয়াল। উপস্থাপনা একইসঙ্গে শোনা ও দেখার বিষয় হলেও বেতারে শুধুমাত্র শোনার বিষয়টি থাকে। মঞ্চ উপস্থাপনার ক্ষেত্রে আপনার সঙ্গে দর্শকশ্রোতার সরাসরি যোগাযোগ ঘটে। আপনি একটু সতর্ক দৃষ্টি রাখলে তাদের ক্রিয়া-প্রতিক্রিয়া খুব সহজে অনুধাবন করতে পারেন। তাদের ইতিবাচক অবস্থান আপনাকে উৎসাহিত করে তোলে। বিপরীত অবস্থান হতোদ্যম করে দেয়। সেক্ষেত্রে আপনার চলমান উপস্থাপনা আরও খারাপ হয়ে যেতে বাধ্য।

### উপস্থাপনার উদ্দেশ্য

যেভাবেই বিশ্লেষণ করা যাক না কেন প্রতিটি উপস্থাপনার ক্ষেত্রে কিছু সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য থাকে। এগুলোকে এভাবে বলা যেতে পারে।

১. কোন ঘটনা, গবেষণা, আবিষ্কার কিংবা অভিজ্ঞতা শেয়ার করা।

২. কোন কিছুর সেবা প্রদান উপলক্ষে অর্থাৎ সার্ভিস ডেলিভারির বিষয় প্রতিপাদন করা।

৩. কোন কিছুর প্রতিচ্ছবি তুলে ধরা এবং একইসঙ্গে অঙ্গীকার ব্যক্ত করা।

৪. কোন পণ্য সম্পর্কে বিক্রয় ও সেবার ওপর বিস্তারিত ধারণা প্রদান।

৫. কোন সংঘ বা দল বা এজেন্সি বা দপ্তর সম্পর্কে প্রতিনিধিত্বমূলক বক্তব্য প্রদান।

৬. কোন বিশেষ বিশ্বাস ও মনমানসিকতার বিষয়কে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কিছু বলা।

৭. কোন বিশেষ দাবি, সমাধান প্রস্তাব, চিন্তা বা কাজের পথ নির্দেশনার জন্য বক্তব্য প্রদান।

৮. কোন বিনোদনমূলক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের মনোজ্ঞ উপস্থাপনা।



www.nagorikpathagar.org

# উপস্থাপকের পূর্বপ্রস্তুতি

যে-কোনো অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে উপস্থাপকের পূর্বপ্রস্তুতি থাকে। এটি করা থাকলে উপস্থাপনার গুণে প্রোগ্রাম বা অনুষ্ঠানটি প্রাণবন্ত ও সফল হয়। উপস্থাপনার সাতদিক বিবেচনায় এনে আমরা যদি নিম্নোক্ত বিষয়গুলোর প্রতি একটু দৃষ্টি দিই তাহলে উপস্থাপনা সাবলীল হবে এবং যে-কোনো ভঙ্গুরতা এড়ানো সম্ভব। যেমনঃ

১. নিজের পোশাক ও অন্যান্য বিষয়গুলোর প্রতি যথেষ্ট মনোযোগ দিয়ে প্রস্তুতি নিতে হবে। কোন ধরনের পোশাক পরবেন, আপনার হাঁটাচলা, নড়াচড়া, কথা বলা সবকিছুতে স্বাচ্ছন্দ্য আছে কি না পরখ করুন। গলা শুকিয়ে যাওয়ার আশঙ্কা থাকলে পানি খেয়ে নিন। অহেতুক উষ্ণতা বা গরমবোধ যাতে না হয় সেদিকে দৃষ্টি দিন। উত্তেজক খাদ্য পরিহার করুন। অতিরিক্ত মেকআপ না নেয়া সবচেয়ে ভালো। আত্মবিশ্বাসী থাকুন। তবে কখনো জ্ঞানীর ভূমিকা নিতে যাবেন না।

২. যে বিষয়ে উপস্থাপনা করবেন সে সম্পর্কে সুস্পষ্ট ধারণা নিন। যদি অতিরিক্ত গবেষণার আবশ্যক হয় তা সম্পন্ন করুন। সময় সম্পর্কে সচেতন থাকুন অর্থাৎ কতটুকু সময় ধরে কথা বলা দরকার তা ঠিক করুন। এই উপস্থাপনার মাধ্যমে আপনি কি একটি অথবা তারও বেশি বার্তা পৌঁছুতে আগ্রহী?

৩. কারা এই অনুষ্ঠানের দর্শক শ্রোতা হয়ে এসেছেন? কী জন্য এবং কিসের আগ্রহে তারা এসেছেন? সংখ্যায় তারা কত হতে পারে? তারা কি আপনার ভাষা ও কথা সহজভাবে বুঝতে পারেন অর্থাৎ আপনি কি তাদের কাছে আপনার বক্তব্য সঠিকভাবে নিয়ে যেতে সক্ষম?

৪. প্রোগ্রাম বা অনুষ্ঠানটি কোথায় আয়োজিত হচ্ছে? সেখানের আসনব্যবস্থা ও



www.nagorikpathagar.org

মঞ্চ কেমন? দর্শক-শ্রোতাদের প্রতি আপনার বক্তব্য সঠিকভাবে পৌঁছুনোর সুব্যবস্থা আছে কি না? বিদ্যুৎ ও আনুষঙ্গিক সহযোগগুলো আছে কি না? উপস্থাপনার জন্য প্রয়োজনীয় অডিও-ভিজুয়াল মাধ্যমগুলো সচল বা কার্যকর আছে কি? প্রোগ্রাম বা অনুষ্ঠান ঘোষিত সময়ে আয়োজন করা গেলে দর্শক-শ্রোতাকে বিরক্তির হাত থেকে রক্ষা করে যা একজন উপস্থাপকের জন্য একটি ইতিবাচক সুবিধা।

৫. অনুষ্ঠানের সঙ্গে আপনার উপস্থাপনার বিষয়টি মানানসই আছে কি এবং কিভাবে তা ভেবে দেখা দরকার। দর্শক-শ্রোতা যাতে ক্লান্তি বোধ না করেন তা দৃষ্টিতে রাখা। যদি তেমন হয়ে থাকে তাহলে তাদের উজ্জীবিত করার জন্য অনুষ্ঠানের সঙ্গে মিলে যায় এমন বিকল্প উপস্থাপনার প্রস্তুতি নিয়ে রাখুন।

৬. কিভাবে উপস্থাপনা করছেন? মাইক্রোফোনে? কোনো ওভারহেড প্রজেক্টর বা অন্যকোনো অডিও-ভিজুয়াল ব্যবহার করে থাকলে আগে থেকে তার অপারেটিং পদ্ধতি শিখে রাখুন।

৭. দর্শকশ্রোতাদের কাছ থেকে কী ধরনের প্রতিক্রিয়া প্রত্যাশা করছেন তার একটি আনুমানিক চিত্র মনে মনে আঁকতে পারেন। অথবা তাদের মাঝে যে প্রতিক্রিয়া তৈরিতে উপস্থাপনা করছেন তা অনুমান করুন ও উদ্বুদ্ধ হোন।

মূলত যিনি উপস্থাপনা করবেন তাকে সবদিক থেকে চিন্তা করে সাবলীল হতে হবে। নিজের মধ্যে আত্মবিশ্বাস আনতে হবে। মঞ্চে এমনভাবে দাঁড়ানো যাবে না যাতে আপনাকে বোকা বোকা লাগে আবার খুব বেশি অহঙ্কারী মনে হয়। সাধারণত উপস্থাপনার ক্ষেত্রে সমস্যা দেখা দেয় যে, মুখ শুকিয়ে যাচ্ছে, কানে ভোঁ ভোঁ শব্দ শোনা যাচ্ছে, নিজেকে বোকা দেখাচ্ছে বলে ধারণা হতে থাকে, অহেতুক তাড়াহুড়োভাব এবং ভুল হয়ে যায়। সর্বোপরি দর্শকশ্রোতা বিরক্তবোধ করছেন বলে মনে হতে থাকে।

সেক্ষেত্রে আপনি নিজের জন্য আত্মবিশ্বাস ফেরাতে এই ব্যবস্থা নিতে পারেন :

১. আপনি যোগ্য এবং দক্ষ বলে উপস্থাপনার কাজটি করতে এসাইন্ড হয়েছেন।

২. দর্শক-শ্রোতা আপনার কথা শুনতে আগ্রহী।

৩. তাদের মধ্যে আপনার চেয়ে অনেক জ্ঞানী ও দক্ষ ব্যক্তি থাকলেও আজ তাঁরা আপনার পক্ষে আছেন।

৪. কোনো বিষয়ে মতদ্বৈধতার মানে এই নয় যে, তাঁরা আপনাকে আক্রমণ করছেন।

যা করবেন :

১. মঞ্চে উঠে সবচেয়ে আগেই দর্শকশ্রোতাদের মনোযোগ আকর্ষণ করে খুব আন্তরিকতার সঙ্গে প্রোগ্রাম বা অনুষ্ঠানের বিষয়ে দুটো কথা বলবেন।



www.nagorikpathagar.org

২. যথেষ্ট আত্মবিশ্বাসী এবং ইতিবাচক মনোভঙ্গির প্রকাশ করবেন।

৩. শুরু করার আগেই মনে মনে একটি ধারানুক্রম সাজিয়ে নিন যে, কী কী বিষয় এবং কখন কখন বলবেন।

৪. মূল অনুষ্ঠানের জন্য বরাদ্দ সময়ের কতটুকু অংশে নিজের উপস্থাপনা রাখবেন তা পরিমাপ করে নিন।

যা করবেন না:

১. কখনো ওজর তুলবেন না। দুঃখ প্রকাশ করবেন না। কিংবা নিজের দুর্বলতা বা সবলতা সম্পর্কে বলবেন না। নিজেকে হাস্যকর রূপে হাজির করবেন না।

২. এলোমেলো এবং দীর্ঘ সময় নিয়ে কথা বলবেন না।

৩. দর্শক-শ্রোতাদের প্রতি কোনো অভিযোগ করবেন না। তাঁদের কোনো কৃত কাজের উল্লেখ করবেন না।

৪. সমাজে বলা অসঙ্গত এমন কৌতুক বা উপকরণ পরিবেশন করবেন না।

৫. এভাবে উপস্থাপনা শুরু করবেন না যে, প্রিয় দর্শক-শ্রোতা এবার আমি আপনাদের সে বিষয়টি বলতে যাচ্ছি যা আমাকে বলতে বলা হয়েছে যে,... ইত্যাদি ইত্যাদি।

৬. এমন ভাব নেবেন না যাতে বোঝানো হয় যে, আপনি সবকিছু জানেন। এমন কি যে-কোনো যুক্তিতর্কে আপনি অবশ্যই বিজয়ী হবেন।

৭. দর্শকের সারিতে থাকা সুধীসমাজের প্রতি কোনো প্রশ্ন বা উক্তি ছুড়ে দেবেন না যা অত্যন্ত বিব্রতকর ও বিরক্তিকর।

উপস্থাপনার বিষয়ে কিছু ভ্রান্ত ধারণা রয়েছে। যেমন : অনেকে বলে থাকেন, উপস্থাপনার বিষয়টি সৃষ্টিকর্তা প্রদত্ত একটি মেধা। এটি সহজে কেউ পারেন না। প্রথমেই যখন পারলাম না তখন কোনোসময়ে পারব না। অনেকে শুনলেন কিন্তু কেউ সাধুবাদ দিল না, অর্থাৎ উপস্থাপনা ভালো হয় নি। অন্যেরা চমৎকার ও সার্থক উপস্থাপনা করেন। আমার দ্বারা এটি হবে না। ইত্যাদি। কিন্তু সার্বিকভাবে বলা যায় যে, উপস্থাপনার বিষয়টি চমৎকার এবং উপভোগ্য। শুধু একটু সতর্ক প্রস্তুতি ও নিয়ম রক্ষা করলে যে-কেউ একজন সফল ও জনপ্রিয় উপস্থাপক হতে পারেন। তখন এই কাজে সবকিছুই আনন্দদায়ক হয়ে ওঠে।



www.nagorikpathagar.org

# বক্তৃতা কী

শুরুতেই বলে রাখা ভালো যে উপস্থাপনা ও বক্তৃতা  প্রায় একই জিনিস হলেও অবস্থান ও প্রেক্ষাপট অনুযায়ী কিছু বিষয়ে বেশ পার্থক্য রয়েছে। উপস্থাপনার বিষয়টি সাধারণত বিভিন্ন কালচারাল প্রোগ্রাম, সংবাদ পাঠ, বিনোদনমূলক প্রোগ্রাম ইত্যাদির সাথে সংশ্লিষ্ট। যে কোন ধরনের রাজনৈতিক ও সামাজিক প্রোগ্রামের শুরুতে উপস্থাপনার বিষয়টি থাকে। আর বক্তৃতা অর্থাৎ যেটাকে আমরা পাবলিক স্পিকিং বলে থাকি এটা রাজনৈতিক প্রোগ্রাম, সমাবর্তন প্রোগ্রামসহ বিভিন্ন উন্মুক্ত প্রোগ্রামগুলোতে দেয়া হয়ে থাকে। বক্তৃতা ও উপস্থাপনার ক্ষেত্রে বক্তার মনস্তাত্ত্বিক কিছু বিষয় পরিলক্ষিত হয়। বক্তৃতা সাধারণত সংক্ষিপ্ত ও পূর্বনির্ধারিত থাকে।  এটি গতানুগতিক ধারায় পরিচালিত হয়। উপস্থাপনার ক্ষেত্রে সৃজনশীলতার ব্যবহার আছে। উপস্থাপনার ক্ষেত্রে উপস্থাপক ও শ্রোতার মধ্যে আন্তঃসম্পর্ক থাকে। কিন্তু অনেক ক্ষেত্রে বক্তৃতা একপেশে থাকে। তবে সবক্ষেত্রে নয়।

বিখ্যাত বক্তা-ব্যক্তিগণের অনেকেই প্রথম প্রথম নানান অসুবিধায় পড়েছিলেন বক্তৃতা প্রদানের ক্ষেত্রে। পরে তাঁরা সেইসব সমস্যা অতিক্রম করে সফল বক্তায় পরিণত হয়েছিলেন। আমেরিকার খ্যাতনামা বক্তা উইলিয়াম জেনিং ব্রায়ান (১৮৬০-১৯২৫) প্রথম দিন বক্তৃতা করার চেষ্টা করলে কম্পনের ফলে তাঁর হাঁটুদ্বয় জোড়া লেগে গিয়েছিলো। হাস্যরসমূলক লেখালেখির জন্য বিশ্বখ্যাত মার্ক টোয়েন প্রথম দিন বক্তৃতা করতে উঠলে এমন অনুভব করেন- তাঁর মুখগহ্বর তুলা দিয়ে পরিপূর্ণ এবং তাঁর নাড়ীর স্পন্দন অস্বাভাবিকরূপে বেড়ে চলেছে। জার্মানির পুনর্গঠনের অন্যতম নেতা ও এর স্থপতি অটোফন বিসমার্ক স্বীকার করতেন তিনি জনসমক্ষে বক্তৃতা করার সময় অত্যন্ত বেকায়দায় পড়ে যেতেন। বার বার চেষ্টার ফলে তিনি এই অবস্থার থেকে পরিত্রাণ পান। ফ্রান্সের রাজনৈতিক বক্তা জিন জুরিস ডেপুটিদের চেম্বারে একটি বছর বোবার মতো বসে কাটিয়েছেন শুধুমাত্র নিজেকে তৈরি করতে। ভার্সাই চুক্তির অন্যতম নায়ক ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড লয়েড জর্জ প্রথম প্রথম বক্তৃতা দেয়ার সময় মুখ শুকিয়ে যেতো, জিহ্বা মুখগহ্বরের সাথে লেপ্টে যেতো। তারপরেও তিনি দমে যেতেন না।

বক্তৃতা একটি নন্দিত শিল্প। বক্তৃতা অর্থ-ভাষণ, বাক-বিন্যাস, বাক-পটুতা। বক্তা অর্থ-ভাষণদানকারী, বাকপটু। আর পটুতা মানে-পরিপক্বতা, দক্ষতা, সিদ্ধতা, বিশেষ কোন বিষয়ে যথার্থভাব ও আবেগমন্ডিত সুনির্দিষ্ট লক্ষ্য ও টার্গেটে শাণিত জনসমক্ষে উচ্চারিত প্রাঞ্জল সুবিন্যাস সাহসী শব্দমালাকেই বক্তৃতা বলে।



www.nagorikpathagar.org

# বক্তার পূর্বপ্রস্তুতি

**১. বিষয়বস্তু নির্ধারণ**

আপনি যদি শিক্ষানবিশ বক্তা হয়ে থাকেন তাতে সাবলীল বক্তব্যের ক্ষেত্রে প্রথম শর্ত হলো বক্তব্যের বিষয়বস্তু হতে হবে একদম সহজ-সরল। যে কোনো বক্তব্যের মূল লক্ষ্য হলো শ্রোতাদের তথ্য দেয়া। তাতে বড়জোর দুই বা একটা নতুন তথ্য থাকাই যথেষ্ট। ভারী বক্তৃতা কেবল শ্রোতাদের মনাকর্ষণ হারায় না, বক্তা এতে সাবলীলতা হারিয়ে ফেলে। আপনি যা বলতে যাচ্ছেন সে সম্পর্কে যদি আপনার একদম স্বচ্ছ পরিষ্কার ধারণা না থাকে সে ক্ষেত্রে বক্তৃতা দেয়ার চেষ্টাই করা উচিত নয়। এতে আপনি শ্রোতাদের কাছে হাসির পাত্র হয়ে দাঁড়াবেন।

**২. পরিকল্পনা করা**

বিষয়বস্তু নির্ধারণের পরেই আপনাকে যে কাজটি করতে হবে তা হলো আপনার বক্তব্যের জন্য একটা সুবিন্যস্ত পরিকল্পনা করা। আপনার বক্তব্য নতিদীর্ঘ বা অনেক বড় যেমনই হোক আপনাকে আগে থেকেই ঠিক করে নিতে হবে কোন পয়েন্টের পর কোন প্রসঙ্গ আনবেন। সামনে পুরো লিখিত বক্তব্য রেখে বক্তৃতা দেয়ার চেয়ে মঞ্চে না যাওয়াটাই শ্রেয়। বক্তব্য দেয়াকালে আপনার দৃষ্টি থাকবে দর্শকের দিকে। সাথে ছোট কাগজ বা চিরকুট থাকবে। তাতে শুধু পয়েন্টগুলো সাজানো থাকবে। এতে করে বিষয়বস্তু উপস্থাপনার বিন্যাস আর সাবলীলতা অক্ষুন্ন থাকবে।

**৩. বক্তব্য সংক্ষিপ্ত রাখুন**

সাবলীল বক্তৃতা দেয়ার তৃতীয় শর্ত হলো তা সংক্ষিপ্ত হওয়া বাঞ্ছনীয়। কারণ শ্রোতারা দীর্ঘক্ষণ মনোযোগ ধরে রাখতে পারে না, এমনকি বক্তৃতার বিষয়বস্তু যতই আকর্ষণীয় হোক না কেন। কারণ দীর্ঘক্ষণ বক্তৃতার ক্ষেত্রে শ্রোতাদের মাঝে বিরক্তির প্রকাশ শুরু হয়ে যায়। তা আপনার বক্তব্যদানের আত্মবিশ্বাসে নেতিবাচক বুমেরাং হয়ে দাঁড়ায়। এ ক্ষেত্রে আপনার নার্ভাসনেস ভাব আরো প্রকট হয়ে দাঁড়ায়।

**৪. কৃত্রিমতা পরিহার করুন**

বক্তব্য দেয়ার ক্ষেত্রে সব ধরনের কৃত্রিমতা একদম সচেতনভাবে পরিহার করা চাই। তবেই আপনি স্বাচ্ছন্দে থাকতে পারবেন। অভিনয় করতে গেলে এ বানানো কৃত্রিমতা বুমেরাং হয়ে ফিরে আসবে আপনার কাছে। আপনি হতাশ হবেন,



www.nagorikpathagar.org

আত্মবিশ্বাস কমে আসবে। যে গল্প আপনি নিজ অন্তর হতে হাসির মনে করেন না, কখনোই আশা করতে যাবেন না শ্রোতাদের কাছে তা হাসির হবে। বক্তব্যে পরিবেশিত তথ্য যদি আপনার কাছে চমকপ্রদ মনে না হয়, দর্শকদের কাছে তা চমকপ্রদ হবে কখনোই এমনটি ভেবে বসবেন না।

### ৫. সূচনার পর্ব

বক্তব্যের শেষের মন্তব্যের মতো সমভাবেই গুরুত্বপূর্ণ হলো সূচনা অংশ। কারণ বক্তার সাথে শ্রোতার যে সম্পর্ক গড়ে উঠবে তা নির্ধারিত হয় এর দ্বারা। তারা আপনার সম্পর্কে একটা ইমপ্রেশন গড়ে নেয়। এটি অনেকমাত্রায় প্রভাবিত করবে বক্তার প্রতি শ্রোতার মিথস্ক্রিয়তার ধরন। এ ক্ষেত্রে কয়েক দিক নজর রাখতে পারেন।

মঞ্চে উঠে অবশ্যই দর্শকদের দিকে তাকিয়ে মৃদু হাসবেন। মনে রাখবেন হাসিমুখে তাকালে আশপাশের লোকজন এমন অভিব্যক্তিই উপহার দেবে। যদি আপনি মুখ গোমড়া, ভারি করে রাখেন সে ক্ষেত্রে শ্রোতারা আপনার বক্তব্য শুরু হওয়ার আগ হতেই একটা নেতিবাচক ধারণা গড়ে নেবে মনের মাঝে।

অতঃপর বক্তৃতা দেয়ার পালা। যতই তাড়া থাকুক একটু বিলম্ব দিন। অন্তত ত্রিশ সেকেন্ডের নীরবতা, এর লক্ষ্য একটাই শ্রোতারা যেন আপনার ওপর পূর্ণ মনোনিবেশ করতে পারে। সামান্যক্ষণ বিরতি দেয়া হলে ক্ষণিককালের জন্য শ্রোতার মনে অনুভূতি খেলে যায়- 'বক্তা কিছু বলার প্রস্তুতি নিচ্ছেন যা কিছুক্ষণের মধ্যেই আমাদের কানে এসে পৌঁছবে।' বক্তার মনের কথাও এটিই।

### ৬. বক্তৃতা মানে পাঠদান নয়

বক্তাকে প্রথমে বক্তা আর সংবাদপাঠক এই দুটোর মধ্যকার ফারাক বুঝতে হবে। লিখিত বক্তব্য পড়া হলে বক্তার সাবলীলতা, অনুভূতি চাপা পড়ে যায়, শ্রোতার সাথে চোখে চোখ মেলানো হয় না বলে বক্তব্য কেমন যেন নীরস বিষয়বস্তু হয়ে দাঁড়ায়। সার্থক বক্তারা কখনোই লিখিত বক্তব্য পাঠ করেন না। তার গুরুত্বপূর্ণ পয়েন্ট চিরকুট লিখে নেয়াকে শ্রোতারাও কামনা করে। কারণ এতে কোনো প্রসঙ্গ বাদ যাওয়ার ঝুঁকি থাকে না, বক্তব্য অনেক বেশি সুবিন্যস্ত আর গোছালো হয়ে থাকে।

### ৭. রিলাক্স থাকা চাই

বক্তৃতা দেয়ার সময় যতই কাছে চলে আসে, নতুন বক্তার মনের শিহরণ, ভয় ক্রমেই বেড়ে যায়। বুক ধড়ফড় করতে থাকে। শরীর, হাত-পা ঘামতে শুরু করে। মনের অজান্তে কোনো সময়ে হাতের নখ আমাদের দাঁতের মাঝে চলে যায়। অনেক লোকের সামনে দাঁড়ানো অনেকটা মানসিক চাপের, বিশেষ করে আপনি যদি এতে অভ্যস্ত না থাকেন। এ ক্ষেত্রে একদম রিলাক্স থাকার চেষ্টা করবেন। আপনার



www.nagorikpathagar.org

একদম জোরে জোরে লম্বা দম নেয়ার দরকার নেই। হাল্কা সুস্থমাত্রার দম নিন, তবে তা হতে হবে নিয়মিত ছান্দিক। দেখবেন আপনি অনেক বেশি স্বাচ্ছন্দ্যবোধ করছেন। তবে মনে রাখবেন- লোকের সামনে বক্তৃতা দেয়া, যেটিকে সহজ ইংরেজিতে বলা হয় 'পাবলিক স্পিকিং'-এটি অবশ্যই একটা স্কিল বা বিশেষ গুণ। কিন্তু মিউজিক্যাল ক্ষমতা বা অঙ্কন উৎকর্ষতার মতো এটি কোনো জন্মনির্ভর ট্যালেন্ট নয়। চর্চা আর উদ্যোগ আপনার মাঝেও এ স্কিল গড়ে দিতে পারে। শর্ত একটাই যেখানেই সুযোগ পান দু'চারটি কথা বলতে পিছপা হবেন না। তা হোক বিজনেস মিটিং, লাঞ্চ পার্টি বা খেলার মাঠ।

শ্রোতাদের ওপর আপনার কর্তৃত্ব বজায় রাখা চাই। শুরুতে ক্ষণিক বিরতি দিয়ে বক্তব্য শুরু করুন যেন শ্রোতারা আপনার ওপর মনোনিবেশ করতে পারে, মাঝে মাঝে শ্রোতাদের মধ্যকার কয়েকজনের সাথে একদম সোজাসুজি চোখে চোখ মেলান। আপনাকে বুঝিয়ে দিতে হবে আপনি বক্তব্য নিয়ে এসেছেন শ্রোতাদের জন্য, যাদের কাজ হলো তা মন দিয়ে শোনা। আত্মবিশ্বাসের প্রকাশ চাই। মঞ্চে আপনার দাঁড়ানোর ভঙ্গিমাতে যেন এর প্রকাশ ঘটে। যতক্ষণ বক্তব্য রাখবেন, ততক্ষণই দর্শকের দিকে দৃষ্টি দেবেন। কেউ যেন দৃষ্টির বাইরে না যায়, এমনকি মঞ্চের বিপরীতে কেউ থাকলেও অন্তত একবারের জন্য হলেও তার দিকে তাকাবেন। সময়ের দিক ভুলে গেলে চলবে না। বিজনেস কনফারেন্সে বড়জোর সর্বোচ্চ একঘণ্টাকাল বক্তৃতা রাখা যায়। সামাজিক অনুষ্ঠানে বক্তৃতা যেন কোনোভাবেই দশ মিনিটের বেশি দীর্ঘায়িত না হয়।

## বক্তা হতে যা প্রয়োজন

১) জড়তা ও আড়ষ্টতামুক্ত একটি জিহ্বা।

২) জ্ঞান

৩) বুদ্ধি, কৌশল পরিস্থিতি বিচার ও চাহিদার আলোকে উপযুক্ত বিষয় নির্বাচনের ক্ষমতা থাকা।

৪) শব্দ নিয়ন্ত্রণ ব্রেক। এজন্য বক্তৃতা শেখা, চর্চা, উন্নতি সাধনে অব্যাহত প্রচেষ্টা, সুন্দরকে গ্রহণের মনোভাব ও সচেতনতা অপরিহার্য।

**বক্তা হতে যে সব বাধাকে অতিক্রম করতে হবে**

১) মানসিক দুর্বলতা, নিজের প্রতি সংশয়বোধ ও আস্থাহীনতা



www.nagorikpathagar.org

২) অনুশীলনের অভাব
৩) পর্যাপ্ত জ্ঞানের অভাব
৪) ভাষাগত দৈন্যতা

**বক্তৃতার ক্ষেত্রে লক্ষণীয় বিষয়**

১) সঠিক তথ্য বেশি প্রদান, ভুল তথ্য না দেয়া।
২) উপস্থাপনা সুন্দর ও আকর্ষণীয় হওয়া
৩) স্বরের স্কেল ঠিক রাখা।
৪) উত্তেজনা, উচ্চস্বর পরিহার
৫) পরিবেশ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা অবস্থা অনুকূলে রাখা, ঠিক রাখা।
৬) অত্যন্ত সচেতন থাকা যাতে কোন দৃষ্টিকটু ও বিরক্তিকর অবস্থার সৃষ্টি না হয়।
৭) সাজিয়ে গুছিয়ে কথা বলা, বিশৃঙ্খলতা পরিহার।
৮) আঞ্চলিকতা পরিহার
৯) জিহ্বা বা মুখের জড়তা কাঠামো
১০) কাগজ দেখে কথা না বলা
১১) চোখের ব্যবহার
১২) কথার পরিপ্রেক্ষিতে নিজের মুড পরিবর্তন করা
১৩) ডায়াস এর সঠিক ব্যবহার
১৪) সময়ের দিকে লক্ষ্য রাখা।

বক্তৃতা মানুষের জীবনে গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করে। অতীতে যারা বিভিন্ন আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন তাদের বক্তৃতা শুনেই মানুষ উজ্জীবিত হয়েছে, জীবন বিলিয়ে দিয়েছে। সাধারণ মানুষের মন-মননে নাড়া দিয়ে তাদের জাগিয়ে তুলতে হয়। আর সাধারণ মানুষ তাত্ত্বিক বই পড়ে আন্দোলনে সম্পৃক্ত হয় না তারা প্রচারকদের কথা শুনেই আন্দোলনের প্রতি আকৃষ্ট হয়। সুতরাং ব্যক্তিত্বের বিকাশ, নিজের চিন্তাধারা সম্প্রসারণ, স্বীয় আদর্শ, চেতনা ও আবেগের সাথে অনেককে সম্পৃক্ত করে এক অর্থবহ সার্থক সফল জীবন গড়তে বক্তৃতার প্রয়োজনীয়তা অপরিসীম। দেশ জাতি ও মানবতার বৃহৎ কল্যাণে আত্মনিয়োগ, সুন্দর এক কাঙ্ক্ষিত স্বপ্নময় সমাজ বিনির্মাণ করার লক্ষ্যেই নিজেকে সুবক্তা হিসেবে সুপ্রতিষ্ঠিত করা দরকার। আর এজন্য প্রয়োজনীয় উদ্যোগ নেবার এখনই সর্বোত্তম সময়।


www.nagorikpathagar.org

# বক্তার বাইবেল

জীবনের বিভিন্ন ক্ষেত্রে একজন মানুষের বক্তব্য রাখার প্রয়োজনীয়তা দেখা দেয়। কিন্তু অনেক ক্ষেত্রেই বক্তা সাধারণ কিছু ভুল করে বসতে পারেন। এক্ষেত্রে একটু সাবধানতা অবলম্বন করলেই তা থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব। নিচের আলোচনায় সেই দিকগুলোর প্রতি আমরা দৃষ্টি দেবার চেষ্টা করব :

* যে কোনো বক্তব্যে সাবলীলতা শ্রোতার আকর্ষণ বৃদ্ধি করতে পারে। সেই ক্ষেত্রে অনেক সময় বক্তা পূর্বনির্ধারিত বিষয়ে মুখস্থ জ্ঞানের বহিঃপ্রকাশ ঘটাতে পারেন। মুখস্থ জ্ঞান প্রকাশের মধ্যে কোনো ত্রুটি নেই সত্য তবে অনেকসময় তা শ্রোতার বিরক্তি উদ্রেক করতে পারে। এদিকটি বিবেচনায় রেখে বক্তাকে যতদূর সম্ভব মুখস্থের ভঙ্গিমা পরিহার করতে হবে। এক্ষেত্রে নির্ধারিত বক্তব্যের সময় Script নির্মাণ করে আয়নার সামনে দাঁড়িয়ে অনুশীলন করে একজন বক্তা তার ত্রুটিগুলো চিহ্নিত করে দুর্বলতাগুলো পরিহার করে বক্তব্যকে অনেক বেশি আকর্ষণীয় করে তুলতে পারেন।

* বক্তব্য প্রদানের ক্ষেত্রে "শুভ সূচনা" একজন তার্কিকের অনেক বড় যোগ্যতা। প্রথম পর্যায়েই শ্রোতাকে বক্তব্যের প্রতি আকর্ষণ করাতে হবে। যাতে করে শ্রোতাগণ তার চিন্তার স্বপক্ষে যোগ দিতে পারেন।

* যেহেতু প্রত্যুৎপন্নমতিত্ব তার্কিকের একটি অন্যতম দক্ষতা তাই এর প্রকাশ তার্কিকের অবস্থানকে শক্তিশালী ভিত্তির ওপর দাঁড় করায়। তবে প্রত্যুৎপন্নমতিত্বের বাহাদুরি প্রকাশ করতে গিয়ে লেজেগোবরে অবস্থা তৈরি হিতে বিপরীত হতে পারে।

